

ঋতুপর্ণাকে 'বাংলাদেশের মেসি' বলেলন কিরণ - পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭৬ ঃ মেহেরপুর- শুক্রবার ৪ জুলাই ২০২৫ ইং ঃ ২০ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা





## ৪ জুলাই : সারাদেশে ছাত্র ধর্মঘটের ডাক, উত্তাল সব বিশ্ববিদ্যালয়

জ্যেষ্ঠ প্রতিবেদক

সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিল করে ২০১৮ সালে সরকারের জারি করা পরিপত্র পুনর্বহালের দাবিতে চলমান টানা আন্দোলনের চতুর্থ দিন ছিল ২০২৪ সালের ৪ জুলাই। এদিন থেকে কোটাবিরোধী আন্দোলন আরও জোরালো হতে থাকে।

২০২৪ সালের এই দিনে ৭ জুলাই (শনিবার) দেশের সব বিশ্ববিদ্যালয় ও কলেজে বিক্ষোভ এবং ৮ জুলাই (রোববার) ক্লাস পরীক্ষা বর্জন ও ছাত্র ধর্মঘটের ডাক দেয় আন্দোলনরত শিক্ষার্থীরা। ২০১৮ সালের পরিপত্র পুনর্বহাল এবং প্রয়োজনে যৌক্তিক সংস্কারের দাবিতে এ ধর্মঘটের ডাক দেন তাঁরা।

৪ জুলাই ছিল বৃহস্পতিবার। এদিন ঝুম বৃষ্টিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে

২-এর পৃষ্ঠা দেখুন

# ধ্বংসের পথে মুজিবনগরে কোটি টাকার হাট ভবন

রাব্বি আহমেদ

মুজিবনগরের প্রাণকেন্দ্রে নির্মিত আধুনিক হাট ভবনটি এখন অবহেলায় পড়ে রয়েছে। আড়াই কোটি টাকা ব্যয়ে নির্মিত এই ভবনটি আজ কার্যত ব্যবহারের অনুপযোগী। দেয়ালে ফাটল, ছাদে চিড়, জানালার কাঁচ ভাঙা, ভেতরে স্যাঁতসেঁতে দুর্গন্ধময় পরিবেশ সব মিলিয়ে ভবনটি এখন জনসাধারণের জন্য বোঝা হয়ে দাঁড়িয়েছে। ভবনটি তৈরি হয়েছিল ব্যবসায়ীদের জন্য নিরাপদ, স্থায়ী ও স্বাস্থ্যসম্মত একটি অবকাঠামো হিসেবে। স্থানীয় অর্থনীতির চাকা সচল রাখতে মুজিবনগর হাটের ব্যবসা-বাণিজ্যে আধুনিকতা আনাই ছিল লক্ষ্য। কিন্তু নির্মাণের কেবল কয়েক বছরের মধ্যেই ভবনটি যেন 'ফেলে রাখা স্মৃতিস্তম্ভে' পরিণত হয়েছে।



এক সময় যেই ভবনে প্রতিদিন কয়েকশ মানুষ কেনাবেচায় অংশ নিতেন, সেখানে এখন নীরবতা। দোকানপাট ফাঁকা, আশপাশে জমে থাকা পানির দুর্গন্ধ, আর বাইরে রোদ-বৃষ্টির মধ্যে বসে থাকা ক্ষুব্ধ ব্যবসায়ীরা যেন নীরব প্রতিবাদ জানাচ্ছেন অব্যবস্থাপনার বিরুদ্ধে। "ছাদে পানি পড়ে, দেয়াল ফেটে গেছে" হাটের পশু বিক্রেতা মইনুদ্দিন কসাই বলেন, "এত টাকা খরচ করে ভবন করলো, এখন পড়ে আছে। আমরা রোদ-বৃষ্টিতে বাইরে বসে থাকি। ভবনটা যদি ঠিক থাকত, অন্তত ব্যবসা করতে কিছুটা স্বস্তি পেতাম।" স্থানীয় প্রবীণ বাসিন্দা সেতার আলী বলেন, "দেখেছি কী সুন্দর ভবন বানানো হয়েছিল। এখন দেয়াল ভেঙে পড়ছে, ব্যবহার নেই। কোটি টাকার ভবন কেউ দেখেও না, খোঁজও নেয় না।" ব্যবসায়ী নিয়ারুল ইসলাম বলেন, "প্রতিটি হাটের আগে আমরা বলি ভবনটা যেন ঠিক করা হয়। কেউ কানে নেয় না। ভিড় হলে ভবন কাজে লাগত, কিন্তু এখন সেটা ভয়ানক ঝুঁকির জায়গা হয়ে গেছে।"স্থানীয় জব্বার আরী বলেন, সরকারি খাতের প্রকল্পগুলোর বড় অংশ নির্মাণের সময় চোখ ধাঁধানো ঘোষণা ও উদ্বোধনের মধ্যেই সীমাবদ্ধ থাকে। নির্মাণ-পরবর্তী রক্ষণাবেক্ষণ ও কার্যকারিতা নিশ্চিত করার নজরদারি প্রায়শই অনুপস্থি। মুজিবনগরের এই হাট ভবনটিও সেই তালিকায় যুক্ত হলো কি না? বিষয়টি নিয়ে এলজিইডি এর মুজিবনগর উপজেলার প্রকৌশলী এমদাদুল হক বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন



## যখন পেটের ক্ষুধায় চোখে অন্ধকার
# পাশে দাঁড়ালেন একজন খাইরুল ইসলাম

নিজস্ব প্রতিবেদক

অভাবের অন্ধকারে আটকে থাকা এক অসহায় মায়ের জীবনের কষ্ট, যিনি একমাত্র পুত্রের অকালমৃত্যুর দুঃখ বুকে নিয়ে, এক বেলা খাবারের যোগাড়ের হিমশিম খাচ্ছেন। সেই মদিনা খাতুনের পাশে দাঁড়ালেন মেহেরপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম, যিনি প্রশাসনের মানবিক দৃষ্টিভঙ্গির এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করলেন।

মদিনা খাতুন (৬৪) মেহেরপুর পৌরসভার পুলিশ লাইন পাড়ায় দীর্ঘ ৩৫ বছর ধরে অস্থায়ীভাবে বাস করছেন। তার একমাত্র ছেলে কেরামত আলী ছিল তাদের পরিবারে একমাত্র উপার্জনক্ষম সদস্য। কিন্তু তিন বছর আগে ক্যান্সারে আক্রান্ত হয়ে ছেলের মৃত্যু মদিনাকে একেবারে নিঃস্ব করে দিয়েছে। এতকিছুর মাঝে, দিন-রাত পেটের ক্ষুধা থেকে মুক্তির জন্য

২-এর পৃষ্ঠা দেখুন



## কাঁটাতারের কাঁটা: মায়ের কোলে ফিরতে পারল না আলম

নিজস্ব প্রতিবেদক

মায়ের কোলে ফিরে যাওয়ার স্বপ্ন নিয়েই বেড়ে উঠেছিল আলম। ছোট্ট সেই হৃদয় বয়ে নিয়ে গেছে বছরের পর বছর অচেনা পথে, পরিত্যক্ত বাটে। কিন্তু শেষমেশ সেই স্বপ্ন হারিয়ে গেল কাঁটাতারের বেড়ার পেছনে, যেখানে থেমে গেল তার ফিরবার আশা।

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে দ্বিতীয় শ্রেণির ছাত্রীকে ধর্ষণের অভিযোগ দপ্তরীর বিরুদ্ধে

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে দ্বিতীয় শ্রেণিতে পড়ুয়া এক শিশুকে যৌন নিপিড়নের অভিযোগ উঠেছে হোগলবাড়িয়া- মোহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরী মোঃ তারিক হোসেনের বিরুদ্ধে। মঙ্গলবার(১ জুলাই) শৌচাগারে নিয়ে গিয়ে যৌন নিপিড়ন করার অভিযোগ উঠে।

শিশুর মা বলেন, মঙ্গলবার দুপুরে আমার মেয়ে বাড়ি এসে সব ঘটনা খুলে বলে। এ বিষয়ে আমরা প্রতিষ্ঠানকে জানিয়েছি তারা কোনো ব্যবস্থা গ্রহণ করেনি। তাই বাধ্য হয়ে গাংনী থানায় লিখিত অভিযোগ করেছি।

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় গুলি করার পর যুবককে কুপিয়ে জখম

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার খোকসায় পূর্ব বিরোধের জেরে এক যুবককে গুলি করে পরে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করা হয়েছে। বুধবার (২ জুলাই) রাত সাড়ে ১০টার পর পৌর এলাকার পাতেলডাঙ্গী গ্রামে এ ঘটনা ঘটে। আহত যুবকের নাম হাসান (৩৮)। তিনি খোকসা পৌরসভার ১

২-এর পৃষ্ঠা দেখুন

## ভিজিএফের কার্ড নিয়ে দ্বন্দ্বে যুবক নিহত, অভিযুক্ত পলাশ পলাতক

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুরে ভিজিএফের (ভালনারেবল গ্রুপ ফিডিং) কার্ড নিয়ে দ্বন্দ্বের জেরে ছুরিকাঘাতে আব্দুল আজিজ (৩০) নামে এক যুবক নিহত হয়েছেন। বুধবার (২ জুলাই) রাত ১০টার দিকে উপজেলার মথুরাপুর স্কুল বাজার এলাকায় এ মর্মান্তিক হত্যাকাণ্ড ঘটে।

নিহত আব্দুল আজিজ দৌলতপুর উপজেলার মথুরাপুর গ্রামের ইলু আলীর ছেলে। অভিযুক্ত পলাশ (২৮) একই উপজেলার কলেজপাড়া এলাকার বাসিন্দা

২-এর পৃষ্ঠা দেখুন



## সুলতানপুর সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি যুবক নিহত

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দর্শনা থানার সুলতানপুর সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)-এর গুলিতে ইব্রাহিম খলিল বাবু (২৯) নামে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। বুধবার (২ জুলাই) দুপুরে সীমান্ত অতিক্রম করে ভারতের অভ্যন্তরে প্রবেশ করলে এই ঘটনা ঘটে বলে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে আত্মহত্যার রেকর্ড: প্রতি আধা দিনে এক প্রাণের লড়াই

আব্দুর রউফ

মেহেরপুর দেশের সবচেয়ে ছোট জেলা, কিন্তু আজ এই ক্ষুদ্র ভূখণ্ডে লুকিয়ে আছে এক ভয়ঙ্কর সামাজিক সংকটের ছবি। প্রতি ১২ ঘণ্টায় একজন নিজের জীবন শেষ করার চেষ্টা করছে। ভয়ঙ্কর এই সংখ্যা শুধু পরিসংখ্যান নয়, বরং প্রতিটি আত্মহত্যার পেছনে লুকিয়ে আছে কষ্ট, যন্ত্রণা এবং অবহেলার কাহিনী।

মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগরের তিনটি থানার পুলিশ রিপোর্টে উঠে এসেছে হতাশার দিকপাল্লা। ২০২৪ সালে ১১৯টি মৃত্যুর ঘটনার মধ্যে অনেকেই গলায় ফাঁস দিয়েছে, বিষপান করেছে বা জীবনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। চলতি বছরের জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত মাত্র পাঁচ মাসে ৪৬ জনের প্রাণ কেড়ে নিয়েছে এই করুণ পথ। আর হাসপাতালে ভর্তি হওয়া ৩৬১ জন আত্মহত্যার চেষ্টাকারীড়ারা বিষ, কীটনাশক কিংবা ঘুমের ওষুধ গ্রহণ করে বেঁচে থাকার আকুতি জানিয়েছে। ডা. সাউদ কবির মালিক, মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক চিকিৎসক, জানালেন, "এই রোগীরা যখন আমাদের কাছে আসে, তাদের অধিকাংশের শারীরিক অবস্থা খুবই সংকটাপন্ন। বেঁচে গেলেও তারা নানা জটিলতা নিয়ে বাঁচতে বাধ্য হয়।" তবে শুধু শারীরিক নয়, মনের অন্ধকার আরও গভীর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিশেষজ্ঞ অধ্যাপক মোহাম্মদ রওশন আলী বলছেন, "আত্মহত্যা ব্যক্তিগত দুর্বলতার কারণ নয়। এটি সামাজিক ও অর্থনৈতিক চাপের ফলাফল, যেখানে মানুষ একাকীত্ব, হতাশা ও অবহেলার শিকার হয়।" পরিবারের কলহ, প্রেমের ব্যর্থতা, ঋণের বোঝা, বুলিং, আর্থিক প্রতারণাড়এসব কারণ আত্মহত্যার পেছনে দাঁড়িয়ে আছে। বিশেষ করে শিশু-কিশোরদের ক্ষেত্রে স্কুলে অবজ্ঞা, অপমান এবং পরিবারের অবহেলা তাদের মনে বিষণ্নতার সঞ্চার করে। মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবদুল্লাহ আল-আমিন বলেন, "আমাদের তরুণরা জীবনের প্রতি আকর্ষণ হারিয়ে ফেলেছে। পড়াশোনা, কর্মসংস্থান ও জীবনের অনিশ্চয়তার চাপ তাদের বিষণ্নতার দিকে ঠেলে দিচ্ছে।" এমন

৩-এর পৃষ্ঠা দেখুন



## ১১ মাসেও ট্রমা কাটিয়ে উঠতে পারেনি পুলিশ বাহিনী

সূর্যোদয় ডেস্ক

ছাত্র-জনতার অভ্যুত্থানে ২০২৪ সালের ৫ আগস্ট ক্ষমতাচ্যুত হয় দীর্ঘদিনের আওয়ামী লীগ সরকার। সে সময় আন্দোলন দমনে গুলি চালিয়ে নারী ও শিশুসহ প্রায় দেড় হাজার মানুষকে হত্যা করে পুলিশের একাংশ। এতে তীব্র গণরোষে পড়া পুলিশ বাহিনীর সদস্যরা ইতিহাসে নজিরবিহীনভাবে কর্মস্থল ছেড়ে পালিয়ে যান। ঘটনার ১১ মাস পেরিয়ে গেলেও এখনো পুরোপুরি ট্রমা কাটিয়ে উঠতে পারেনি দেশের সবচেয়ে বড় আইনশৃঙ্খলা রক্ষাকারী এ বাহিনী। জানা যায়, সেই সময়

২-এর পৃষ্ঠা দেখুন

## কফি খেতে গিয়ে তাসকিন দেখেন বাংলাদেশের ৫ উইকেট নেই

সূর্যোদয় ডেস্ক

২৪৫ রানের লক্ষ্য তাড়ায় যখন ইনিংস শুরু করে বাংলাদেশ, তখন আশার আলোই জ্বলছিল। ২৯ রানে প্রথম উইকেট হারানোর পর শান্ত ও তানজিদের দৃঢ়তায় গড়ে ওঠে প্রতিরোধের দেয়াল। ১৬ ওভার শেষে স্কোরবোর্ডে ১০০ রান, হাতে ৯ উইকেটড়সবকিছুই যেন ইঙ্গিত দিচ্ছিল একটি স্বস্তিদায়ক জয়।

কিন্তু এরপরই যেন নেমে আসে অন্ধকার। ম্যাচের ১৭তম ওভারে রান আউট হয়ে যান নাজমুল হোসেন শান্ত। ১৮তম ওভারে চরম বিপর্যয়। এক ওভারে উইকেট হারান লিটন দাস ও তানজিদ তামিম। শুরু হয় একের পর এক উইকেট পতনের

২-এর পৃষ্ঠা দেখুন



## খুলনায় ১০ জেলা প্রতিনিধি নিয়ে গ্লোবাল টেলিভিশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

সূর্যোদয় ডেস্ক

গ্লোবাল টেলিভিশনের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে খুলনায় এক ব্যতিক্রমী আয়োজন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে খুলনার অরণ্য ইকো গার্ডেনের কনফারেন্স রুমে খুলনা বিভাগের ১০ জেলার প্রতিনিধিরা একত্রিত হয়ে এতিম শিশুদের সঙ্গে কেক কাটেন ও দোয়া মাহফিলের আয়োজন করেন। পরে তাদের নিয়ে আয়োজন করা হয় মধ্যাহ্নভোজ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গ্লোবাল টেলিভিশনের খুলনা বিভাগীয় ব্যুরো প্রধান আনিসুর রহমান কবির, মাগুরা জেলা প্রতিনিধি ইউনুচ আলি, যশোরের ওবাইদুল ইসলাম অভি, ঝিনাইদহের মেহেদী হাসান জিকু,

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

**মেহেরপুরে বন্ধ ২০ টি পূর্বাভাস কেন্দ্র।**

মামুনুর রশিদ মামুন

তথ্যহীন ভাবে চলে কৃষক  
তথ্য কেন্দ্র থাকে বন্ধ  
কৃষক চলে আলোর ছটাই  
চোখ থাকতেও অন্ধ।  
ভাঙ্গাচোরা বোর্ড গুলো  
ইউনিয়ন পরিষদে ঝুলছে  
কেবা আছে বলার মানুষ  
কে খতিয়ে দেখছে।  
কৃষক বাঁচলে বাঁচবে দেশ  
লেখা থাকে বই এ  
বাংলার কৃষক সয়ে গেছে  
সুখ গেছে সব ধুয়ে।



## আলমডাঙ্গায় তিন প্রতিষ্ঠানকে ৫৫ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার হাট বোয়ালিয়া বাজারে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের তদারকি অভিযানে তিনটি প্রতিষ্ঠানকে মোট ৫৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। বুধবার (৩

৩-এর পৃষ্ঠা দেখুন

# পিআর চালু হলে দেশে আর কোনো স্থানীয় নেতার জন্ম হবে না: রিজভী

সূর্যোদয় ডেস্ক

জাতীয় সংসদ নির্বাচনে সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতির বিরোধিতা করে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবীর রিজভী বলেছেন, ''পিআর পদ্ধতি চালু হলে বাংলাদেশে আর কোনো স্থানীয় নেতার জন্ম হবে না। এ পদ্ধতি দেশকে আরও বেশি স্বৈরশাসনের দিকে ঠেলে দেবে।''

আজ বৃহস্পতিবার (৩ জুলাই) সকালে রংপুর নগরীর গ্রান্ড হোটেল মোড়ে বিএনপির দলীয় কার্যালয়ে ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) আয়োজিত 'জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান, শোক ও বিজয়ের বর্ষপূর্তি' উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান ও ব্লাড গ্রুপ নির্ণয় কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, ''গণতন্ত্রের পক্ষে থেকে আমাদের সজাগ থাকতে হবে। আমাদের কোনো কর্মী বা নেতার কারণে যেন সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত না হয়। চাঁদাবাজি, দখলবাজির সঙ্গে বিএনপি ও অঙ্গসংগঠনের নাম যেন না জড়ায়। জনগণ যেন আমাদের আচরণে ব্যথিত না হয়, সে দিকেও খেয়াল রাখতে হবে।'' তিনি অভিযোগ করে বলেন, ''গত ১৬ বছর বিএনপি নেতাকর্মীরা দুর্বিষহ সময় পার করেছে। কোনো তরুণ শান্তিতে ঘুমাতে পারেনি। কারো লাশ তিস্তা, পদ্মা বা বুড়িগঙ্গার পাড়ে পড়ে থাকবেড়এটা ছিল নিয়মিত ঘটনা। শেখ হাসিনার করাল গ্রাস থেকে কেউ রেহাই পায়নি।'' বিএনপির এই শীর্ষ নেতা শহীদ আবু সাঈদের আত্মত্যাগের কথা স্মরণ করে বলেন, ''তিনি

৩-এর পৃষ্ঠা দেখুন



## আইন কলেজে ছাত্রী ধর্ষণ ও ভিডিও ধারণ তৃণমূল ছাত্রনেতা 'ম্যাঙ্গো' মিশ্র গ্রেফতার

সূর্যোদয় ডেস্ক

কলকাতার এক নামকরা আইন কলেজে ঘটে গেছে নারকীয় ঘটনা। ২৫ বছর বয়সী এক আইন শিক্ষার্থীকে পরিকল্পিতভাবে ধর্ষণ এবং সেই ঘটনার ভিডিও ধারণ করে ব্ল্যাকমেইলের চেষ্টার অভিযোগে

৩-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ২০ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ৪ জুলাই ২০২৫ইং

# গাংনীতে পঞ্চপান্ডবের শাসন কায়েম করেন এমপি সাগর

## নিয়োগ, বদলি, টেন্ডার, প্রকল্প সবকিছুর নিয়ন্ত্রক ছিলেন পাঁচ নেতা!



নিজস্ব প্রতিবেদক

২০১৪ সালের একতরফা নির্বাচনে জয়ি হয়ে গাংনীতে পঞ্চপান্ডবের শাসন কায়েম করেন এমপি নাজমুল হক সাগর । বদলি-নিয়োগ থেকে শুরু করে প্রকল্প অনুমোদন, কমিটি গঠন, এমনকি ভূমি দখল সবকিছুতেই ছিল পঞ্চপান্ডবের নিয়ন্ত্রনে। জনগনের সমর্থন না থাকলেও প্রশাসনের প্রভাব খাটিয়ে হয়েছিলেন এমপি। গাংনী সাবেক উপজেলা চেয়ারম্যান শফিকুল আলম, সাবেক পৌর মেয়র আহম্মদ আলী, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান এমএ খালেক এবং মটমুড়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান সোহেল আহমেদ এই পাঁচজনকে নিয়েই গঠিত হয় সেই প্রভাবশালী বলয়, যাদের পাশ কাটিয়ে গাংনীতে কিছুই হতো না।

নাজমুল হক সাগরের রাজনীতিতে প্রবেশ হয়েছিল অনেকটা হঠাৎ করেই। তার বাবা ছিলেন সাবেক এমপি নুরুল আহম্মেদ এবং স্ত্রী সেলিনা আক্তার বানু ছিলেন সংরক্ষিত নারী আসনের এমপি। এই পারিবারিক রাজনৈতিক পরিচয়ই তাকে মনোনয়নের ক্ষেত্রে সহায়তা করে বলে অভিযোগ রয়েছে।মনোনয়ন ঘোষণার পরই গাংনী আওয়ামী লীগে শুরু হয় বিভাজন ও ক্ষোভ। সাবেক এমপি মকবুল

৩-এর পৃষ্ঠা দেখুন



# আমলকির স্বাস্থ্য উপকারিতা

আমাদের সূর্যোদয় প্রতিবেদন

আমলকি। ভেষজ গুণে অনন্য একটি ফল।এর ফল ও পাতা দুটিই ওষুধরূপে ব্যবহার করা হয়। বিভিন্ন অসুখ সারানো ছাড়াও আমলকি রোগ-প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে দারুণ সাহায্য করে। আমলকির গুণাগুণের জন্য আয়ুর্বেদিক ওষুধেও এখন আমলকির নির্যাস ব্যবহার করা হয়। আমলকিতে রয়েছে প্রচুর ভিটামিন 'সি'। পুষ্টি বিজ্ঞানীদের মতে, আমলকিতে পেয়ারা ও কাগজি লেবুর চেয়ে তিন গুণ ও ১০ গুণ বেশি ভিটামিন 'সি' রয়েছে। আমলকিতে কমলালেবুর চেয়ে ১৫ থেকে ২০ গুণ বেশি, আপেলের চেয়ে ১২০ গুণ বেশি, আমের চেয়ে ২৪ গুণ এবং কলার চেয়ে ৬০ গুণ বেশি ভিটামিন 'সি' রয়েছে।

চলুন জেনে নিই আমলকি খাওয়ার ১০টি উপকারিতা সম্পর্কে :

১. আমলকি চুলের টনিক হিসেবে কাজ করে এবং চুলের পরিচর্যার ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ উপাদান। এটি কেবল চুলের গোড়া মজবুত করে তা নয়, এটি চুলের বৃদ্ধিতেও সাহায্য করে। এটি চুলের খুসকির সমস্যা দূর করে ও পাকা চুল প্রতিরোধ করে।

২. আমলকির রস কোষ্ঠকাঠিন্য ও পাইলসের সমস্যা দূর করতে পারে। এছাড়াও এটি পেটের গোলযোগ ও বদহজম রুখতে সাহায্য করে। ৩. এক গ্লাস দুধ বা পানির মধ্যে আমলকি গুঁড়ো ও সামান্য চিনি মিশিয়ে দিনে দু'বার খেতে পারেন। এ্যাসিডেটের সমস্যা কম রাখতে সাহায্য করবে।

৪. আধা চূর্ণ শুষ্ক ফল এক গ্লাস পানিতে ভিজিয়ে খেলে হজম সমস্যা কেটে যাবে। খাবারের সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন

## সংস্কার নিয়ে কখনো হ্যাপি হওয়া উচিত নয় পররাষ্ট্র উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

পররাষ্ট্র উপদেষ্টা এম তৌহিদ হোসেন বলেছেন, সংস্কার নিয়ে কখনো হ্যাপি হওয়া উচিত নয়। কেননা হ্যাপি হলে আর কিছুটা করার নেই।

আমরা চেষ্টা করছি এটাকে (পররাষ্ট্র মন্ত্রণালয়) যতটুকু জনবান্ধব করা যায়।

বৃহস্পতিবার (৩ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে পররাষ্ট্র উপদেষ্টা এম তৌহিদ হোসেন এ কথা বলেন।

গত এক বছরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে কতটুকু সংস্কার হয়েছে। এই সংস্কার নিয়ে আপনারা সন্তুষ্ট কি না জানতে চাইলে এমন প্রশ্নের উত্তরে এম তৌহিদ হোসেন বলেন, সংস্কার নিয়ে কখনো হ্যাপি হওয়া উচিত নয়। কেননা হ্যাপি হলে আর কিছুটা করার নেই। আমরা চেষ্টা করছি এটাকে (পররাষ্ট্র মন্ত্রণালয়) যতটুকু জনবান্ধব করা যায়।

তিনি বলেন, আমি একটি কথা বলতে চাই, মধ্যপ্রাচ্যের প্রবাসীদের বিভিন্ন কারণে যে সাফারিং, সেটা দূর করার জন্য চেষ্টা করেছি। সবই যে করতে পেরেছি, তা নয়। ওমানে আমরা উদ্যোগ নিয়েছি কর্মীদের পাসপোর্ট দিতে, যেন রাস্তায় রোদের মধ্যে দাঁড়িয়ে থাকতে না হয়। বাকি মিশনগুলোকেও এই ব্যবস্থা নিতে বলেছি।

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসি-নাকে ফেরত না আনতে পারার জন্য কোনো আক্ষেপ আছে কি না জানতে চাইলে তিনি বলেন, আক্ষেপ তো একটা নোডেট টার্ম। কার কতটুকু আক্ষেপ আমি জানি না। আমি এটাকে দেখি এভাবে, আমরা ফেরত আনার জন্য চিঠি দিয়েছি, প্রয়োজনে সেটা ফলো আপ করা হবে। এইটুকুই।

# স্ত্রীর সঙ্গে ঝামেলার কারণে জরিমানা আরও বাড়তে পারে শামির

সূর্যোদয় ডেক্স

ভারতীয় ক্রিকেটার মোহাম্মদ শামির মাঠের পারফরম্যান্স যেমনই হোক না কেন, ব্যক্তিগত জীবনে শান্তি যেন অধরাই থেকে গেছে। ২০১৮ সাল থেকে স্ত্রী হাসিন জাহানের সঙ্গে আলাদা থাকলেও ঝামেলা যেন পিছু ছাড়ছে না এই পেসারের। একের পর এক আইনি জটিলতার মুখে পড়তে হচ্ছে তাঁকে।



সাম্প্রতিক এক রায়ে কলকাতার একটি আদালত শামিকে নির্দেশ দিয়েছে, স্ত্রী ও কন্যার ভরণপোষণ বাবদ প্রতি মাসে ৪ লাখ রুপি করে দিতে হবে। ভারতীয় বার্তা সংস্থা পিটিআই-এর বরাতে জানা গেছে, চলমান আইনি লড়াইয়ের মাঝেই এই অন্তর্বর্তীকালীন আদেশ দিয়েছেন আদালত। তবে এই পরিমাণ আরও বাড়তে পারে বলে ইঙ্গিত পাওয়া গেছে। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, ভরণপোষণ খরচ মাসে ৬ লাখ রুপি পর্যন্ত হতে পারে। হাসিন জাহানের আইনজীবী ইমতিয়াজ আহমেদ জানিয়েছেন, "২০১৮ থেকে ২০২৪ পর্যন্ত শামি কেবল দৌড়েই বেড়াচ্ছেন। আদালতে তিনি প্রকাশ্যে জানিয়েছেন, প্রতি মাসে দেড় লাখ রুপি স্ত্রীকে এবং আড়াই লাখ রুপি মেয়েকে দেবেন। তবে যেকোনো জরুরি প্রয়োজন মেটানোর জন্য বাড়তি খরচও তাঁকে বহন

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইরান ইস্যুতে রাশিয়ার সঙ্গে গোপনে দেনদরবার করেছে ইসরায়েল

সূযোদয় ডেক্স

সম্প্রতি ইসরায়েলের সরকারি সম্প্রচারমাধ্যম কান যে তথ্য প্রকাশ করেছে, তা মধ্যপ্রাচ্য এবং আন্তর্জাতিক রাজনীতিতে নতুন একটি কূটনৈতিক সমীকরণের ইঙ্গিত দেয়। প্রতিবেদনে বলা হয়েছে, ইসরায়েল গোপনে রাশিয়ার সঙ্গে ইরান ও সিরিয়া ইস্যুতে দেনদরবার করেছে। এই আলোচনা শুরু হয় ২৪ জুনের পর, যখন ইসরায়েল ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হয় এবং রাশিয়া মধ্যস্থতার প্রস্তাব দেয়।

এই কৌশলগত আলাপ-আলোচনার পেছনে ইসরায়েলের মূল লক্ষ্যড়ইরান ও সিরিয়ার সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন

# টোকারা দ্বীপপুঞ্জে টানা ভূমিকম্পে আতঙ্কে কাঁপছে দক্ষিণ জাপান

সূযোদয় ডেক্স

জাপানের দক্ষিণাঞ্চলের প্রত্যন্ত ও কম জনবসতিপূর্ণ টোকারা দ্বীপপুঞ্জে টানা ভূমিকম্পের তাণ্ডবে আতঙ্কে দিন কাটাচ্ছেন স্থানী-য়রা। গত দুই সপ্তাহে ৯০০টিরও বেশি ভূমিকম্প দ্বীপপুঞ্জটিকে নাড়িয়ে দিয়েছে। এই ঘটনায় বড় কোনো ক্ষয়ক্ষতি না হলেও এলাকাজুড়ে দেখা দিয়েছে ঘুমহীনতা, মানসিক চাপ ও নিরাপত্তাহীনতা।



ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি জানায়, ২১ জুন থেকে টোকারার আশপাশের সমুদ্র এলাকায় ভূমিকম্পজনিত তৎপরতা চরম পর্যায়ে পৌঁছেছে। সর্বশেষ বুধবার রিখটার স্কেলে ৫.৫ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। এ পর্যন্ত কোনো সুনামি সতর্কতা জারি না হলেও প্রশাসন স্থানীয়দের প্রস্তুত থাকার নির্দেশনা দিয়েছে।ভূমিকম্পের ভয়াবহতার কথা তুলে ধরেছেন অনেক স্থানীয় বাসিন্দা। চিজুকো আরিকাওয়া নামে একজন বলেন, "ভূমিকম্পের আগ মুহূর্তে সমুদ্র থেকে এক ধরনের গর্জনের শব্দ আসে। বিশেষ করে রাতে এটা আরও ভয়ানক শোনায়। পুরো অভিজ্ঞতাই ভৌতিক।" আরেক বাসিন্দা ইসামু সাকামোতো, যিনি আকুসেকিজিমা দ্বীপের প্রতিনিধি হিসেবে কাজ করেন, বলেন "প্রথমে নিচ থেকে একটা ধাক্কা লাগে, তারপর পুরো ঘর কাঁপতে শুরু করে। শরীর

৩-এর পৃষ্ঠা দেখুন

# গুমে সেনা সদস্যদের সংশ্লিষ্টতা থাকলে ব্যবস্থা: সেনাসদর

জ্যেষ্ঠ প্রতিবেদক

সেনাবাহিনীর সদস্যরা অনেকেই বিভিন্ন সংস্থায় ডেপুটেশনে থাকে। তাদের সেনাবাহিনী সরাসরি নিয়ন্ত্রণ করে না। এদের কয়েকজনের বিরুদ্ধে গুমের অভিযোগ উঠেছে। সেটার তদন্ত চলছে। তদন্তে যদি গুমের সঙ্গে সংশ্লিষ্টতা পাওয়া যায় তাহলে সেনাবাহিনী তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেবে। গতকাল বৃহস্পতিবার (৩ জুলাই) দুপুর ২টা ১০ মিনিটে ঢাকা সেনানিবাসে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সেনাসদরের মিলিটারি অপারেশনস ডিরেক্টরেটের (স্টাফ কর্নেল) কর্নেল মো. শফিকুল ইসলাম এ তথ্য জানান। ঢাকা সেনানিবাসের অফিসার্স মেস এ-তে অনুষ্ঠিত এই সংবাদ সম্মেলনে আইনশৃঙ্খলা পরিস্থিতিসহ সমসাময়িক বিভিন্ন বিষয়ে কথা বলেন তিনি।




গুমের শিকার ব্যক্তিদের পরিবারের সদস্যদের উদ্দেশে এই সেনা কর্মকর্তা বলেন, ভুক্তভোগী পরিবার যদি নিজেদের নিরাপত্তা নিয়ে সেনাবাহিনীর কাছে সহযোগিতা চান তাদের যথাযথভাবে সহযোগিতা করা হবে।

নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে করা এক প্রশ্নের জবাবে তিনি বলেন, নির্বাচনের বিষয়ে নির্বাচন কমিশন থেকে সেনাবাহিনী এখনো কোনো নির্দেশনা পায়নি। পেলে অবাধ, সুষ্ঠু নির্বাচনের জন্য প্রস্তুত রয়েছে সেনাবাহিনী। কিশোর গ্যাংয়ের উৎপাত

৩-এর পৃষ্ঠা দেখুন

## এফবিসিসিআইয়ের নির্বাচন পেছাল

বিশেষ প্রতিবেদক

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালনা পর্ষদ নির্বাচনের (২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭) সময় আরো ৪৫ দিন বাড়িয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। সময়সীমা অনুসারে শিগগিরই নির্বাচন আয়োজনের পুনঃতফশিল ঘোষণা করবে এফবিসিসিআই নির্বাচন বোর্ড।

সম্প্রতি এফবিসিসিআইয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। এর আগে গত ১৮ জুন এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের তফশিল ঘোষণা করে এফবিসিসিআই নির্বাচন বোর্ড। তখন নির্বাচনের তারিখ নির্ধারণ করা হয়েছিল ৭ সেপ্টেম্বর।

এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন হবে ২০২৫ সালের নতুন

৩-এর পৃষ্ঠা দেখুন

# চানখাঁরপুলে হত্যা মামলায় অভিযোগ গঠন বিষয়ে আদেশ ১৪ জুলাই

নিজস্ব প্রতিবেদক

ছাত্র-জনতার গণঅভ্যুত্থান চলাকালীন গত ৫ আগস্ট রাজধানীর চানখাঁরপুলে গুলি করে ৬ জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলার অভিযোগ গঠন হবে কি-না? সে বিষয়ে আদেশ আগামী ১৪ জুলাই।

আসামীদের বিরুদ্ধে অভিযোগ গঠন চেয়ে প্রসিকিউশনের আবেদন ও অব্যাহতি চেয়ে আসামি পক্ষের আবেদনের শুনানি শেষে বৃহস্পতিবার বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ আদেশের এই দিন ধার্য করেন।

এই মামলায় প্রসিকিউশন পক্ষে শুনানি করেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম ও প্রসিকিউটর মিজানুল ইসলাম, বিএম সুলতান মাহমুদ ও গাজী এমএইচ তামিম।

এই মামলায় গ্রেফতার আসামি সাবেক ইন্সপেক্টর আরশাদের পক্ষে শুনানি করেন আইনজীবী সাদ্দাম হোসেন অভি, আসামী কনস্টেবল মো. সুজনের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার সিফাত মাহমুদ, আসামী কনস্টেবল ইমাজ হোসেন ইমনের পক্ষে

৩-এর পৃষ্ঠা দেখুন

# পানিতে গলে যাওয়া স্মার্ট মেমোরি চিপ বানালেন কোরিয়ার বিজ্ঞানীরা

আমাদের সূর্যোদয় প্রতিবেদন

ইলেকট্রনিক বর্জ্য (ই-ওয়েস্ট) বিশ্বব্যাপী এক বড় পরিবেশগত সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই সমস্যার সমাধান খুঁজতে দক্ষিণ কোরিয়ার বিজ্ঞানীরা তৈরি করেছেন এমন এক বিশেষ ধরনের স্মার্ট মেমোরি ডিভাইস, যা নির্দিষ্ট সময়ে পানিতে গলে যায়।




দক্ষিণ কোরিয়ার কোরিয়া ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির বিজ্ঞানীরা এটি তৈরি করেছেন। তাদের দাবি, এই ডিভাইসটি শুধু তথ্য সংরক্ষণে সক্ষম নয়, এটি সম্পূর্ণভাবে পরিবেশবান্ধবও।বিজ্ঞানীরা 'পিসিএল-টেম্পো' নামের এক নতুন ধরনের যৌগ ব্যবহার করেছেন, যা দুইটি উপাদানে গঠিত। এর একটি হলো অর্গানিক (জৈব) অণু, যা বিদ্যুৎচালিত তথ্য সংরক্ষণে সক্ষম। অন্যটি হলো পলিক্যাপ্রোল্যাকটন একটি সহজে পচনশীল প্লাস্টিক জাতীয় পদার্থ। এই নতুন ডিজাইনে মেমোরি সংরক্ষণ ও স্বাভাবিক উপায়ে ক্ষয় হয়ে যাওয়ার দুটি বৈশিষ্ট্যই রয়েছে।

এই প্রকল্পের প্রধান গবেষক ড. সাংহো চো বলেন, এটা প্রযুক্তিগত দিক থেকে অনেক গুরুত্বপূর্ণ অর্জন। কারণ এই প্রথমবারের মতো আমরা উচ্চ ক্ষমতাসম্পন্ন কোনো জৈব মেমোরি ডিভাইসে স্বতঃবিনষ্ট হওয়ার

৩-এর পৃষ্ঠা দেখুন

# দ্রুত বিচার ট্রাইব্যুনালে ৫ জনের মৃত্যুদণ্ড

নিজস্ব প্রতিবেদক

আট বছর আগে শত্রুতার জেরে শরীয়তপুরের পালং উপজেলায় দেলোয়ার নামে এক ব্যক্তিকে কুপিয়ে হত্যার মামলায় পাঁচ জনের মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। একই মামলায় অন্য ১২ আসামি খালাস পেয়েছেন।

বৃহস্পতিবার (৩ জুলাই) এ রায় দেন ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-৪-এর বিচারক মোহাম্মদ হালিম উল্লাহ চৌধুরী। এ মামলায় মোট ৩১ জন সাক্ষীর সাক্ষ্য নেওয়া হয়। বিষয়টি নিশ্চিত করেছেন সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী মিজানুর রহমান।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন, ইসমাইল সরদার, ছালমুল সরদার, আমিনুল সরদার, রেজাউল সরদার ও জুয়েল সরদার।

খালাসপ্রাপ্তরা হলেন মজিবর সরদার, ফজলুল সরদার, আ. মালেক সরদার, মোকলেছ সরদার, মাহাবুব সরদার, তোতা সরদার, টিপু সরদার, পারচেজ সরদার, আ. ছালাম সরদার, পাভেল সরদার, আজিজুল হক সরদার ও পারুল বেগম।

রাষ্ট্রপক্ষের ট্রাইব্যুনালের স্পেশাল পাবলিক প্রসিকিউটর গিয়াস উদ্দিন মামলা পরিচালনা করেন। তাকে সহযোগিতা করেন আইনজীবী সৈয়দ নাজমুল হুদা ও আতিয়ার কাজী।

মামলার অভিযোগ সূত্রে জানা যায়, ২০১৭ সালে ১২ জুলাই শত্রুতার জেরে দেলোয়ার হোসেন (৩০) ও দুলাল সরদার (২৬) সুবচনী বাজার থেকে বাড়ি ফেরার পথে পশ্চিম চররোসুদ্ধির পাকা রাস্তায় পৌছালে ৩১ জন নামধারী ও অজ্ঞাতনামা আসামি পরিকল্পিতভাবে

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## মেহেরপুরে আত্মহত্যার রেকর্ড: প্রতি

সংকটের মোকাবিলায় কিছু স্কুলে চালু হয়েছে কাউন্সেলিং, তবে একমাত্র প্রশাসনের পক্ষে এই সমস্যা মোকাবিলা করা সম্ভব নয়। পরিবার, শিক্ষক, ধর্মীয় নেতাসহ সমাজের প্রত্যেককেই এগিয়ে আসতে হবে। প্রতিটি প্রাণের পেছনে রয়েছে স্বপ্ন, আশা ও ভালোবাসার দাবী। মেহেরপুরের এই আত্মহত্যার করুণ চিত্র সমাজকে ভাবিয়ে তুলছে ও ডাকিয়ে একটি ছোট জেলা মানবিক সচেতনতা ও সঠিক সমর্থন ছাড়া এতো বিপর্যয়ের সম্মুখীন হল। আজই সময় এসেছে, প্রতিবাদ করার, সচেতন হওয়ার এবং মানবিক সহানুভূতির হাত বাড়ানোর। কারণ, জীবনের মূল্য কখনোই সংখ্যা দিয়ে মাপা যায় না। আর মেহেরপুরের মানুষ এই মূল্য বোঝার জন্য আরও বেশি সময় হারাতে পারবে না।

## আলমডাঙ্গায় তিন প্রতিষ্ঠানকে ৫৫

জুলাই) বেলা ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এ অভিযান পরিচালিত হয়। অভিযানে বাজার এলাকার নিত্যপ্রয়োজনীয় পণ্য, খাদ্যপণ্য ও ওষুধের দোকানগুলোতে তদারকি চালানো হয়। অভিযান চলাকালে অন্যান্য দোকানেও হালনাগাদ মূল্যতালিকা টানানো, নির্ধারিত দামে পণ্য বিক্রি এবং মানহীন ও মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রির ব্যাপারে সতর্ক করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. মামুনুল হাসান। তার সঙ্গে ছিলেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ গোলাম ফারুক, ক্যাব প্রতিনিধি মোঃ রফিকুল ইসলাম এবং জেলা পুলিশের একটি টিম সহকারী পরিচালক মোঃ মামুনুল হাসান বলেন, "অপরিচ্ছন্ন পরিবেশে খাদ্য উৎপাদন ও সংরক্ষণের দায়ে মেসার্স হৃদয় মিষ্টান্ন ভান্ডারকে ৫ হাজার টাকা এবং মেসার্স সোহাগ মিষ্টান্ন ভান্ডারকে ৩০ হাজার টাকা এছাড়া, মেয়াদোত্তীর্ণ ও সর্বোচ্চ খুচরা মূল্যবিহীন ওষুধ বিক্রির অভিযোগে মেসার্স বিশ্বাস মেডিকেল কোয়ারকে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৭ ও ৫১ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।" তিনি আরও বলেন "ভোক্তা অধিকার রক্ষায় আমাদের এই অভিযান নিয়মিত চলবে। ব্যবসায়ীদের সচেতন হতে হবে, যাতে ভোক্তারা ক্ষতির শিকার না হন।"

## পিআর চালু হলে দেশে আর কোনো

আইনশৃঙ্খলা বাহিনীর বন্দুকের সামনে বুক চিতিয়ে শহীদ হয়েছিলেন। তার আত্মদানের মধ্য দিয়ে সারাদেশে গণআন্দোলনের ঝড় ওঠে। অনেক তরুণ ছাত্রের রক্তে আমরা নতুন বাংলাদেশের স্বপ্ন দেখি।" অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রংপুর মহানগর বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট মাহফুজ উন নবী ডন, ড্যাব মহানগরের আহ্বায়ক ডাঃ নিখিলেন্দ্র শংকর গুহ, রংপুর মেডিকেল কলেজ ড্যাবের আহ্বায়ক ডাঃ মাহমুদুল হক সরকার, জেলা ড্যাবের আহ্বায়ক ডাঃ খালেকুজ্জামান, সহ-সাংগঠনিক সম্পাদক ডাঃ এবিএম মারুফ হাসান, লালমনিরহাট ড্যাবের সভাপতি ডাঃ আব্দুর রাজ্জাক রুবেল ও জিয়াউর রহমান ফাউন্ডেশনের আজীবন সদস্য ডাঃ মো. হাসান আলী প্রমুখ।

## আইন কলেজে ছাত্রী ধর্ষণ ও ভিডিও

কলেজের সাবেক ছাত্র ও তৃণমূল ছাত্র পরিষদের প্রাক্তন নেতা মনোজিত মিশ্র ওরফে 'ম্যাঙ্গো' মিশ্রকে গ্রেফতার করেছে পুলিশ।

ঘটনাটি ঘটে গত ২৫ জুন সন্ধ্যায়। অভিযোগকারী ছাত্রী জানান, কলেজ ক্যাম্পাসেই তাকে একটি নির্জন কক্ষে আটকে রেখে ধর্ষণ করে মনোজিত। ঘটনার সময় ভিডিও ধারণ করে তার দুই সহযোগীপ্রমিত মুখোপাধ্যায় ও জায়েব আহমেদ। , ভিডিও ধারণের উদ্দেশ্য ছিল ভুক্তভোগীকে ভয় দেখিয়ে পুলিশে অভিযোগ করতে না দেওয়া। ঘটনার পরই মেয়েটি ভয়ে-আতঙ্কে বাবাকে ফোন করে কলেজ থেকে নিয়ে যাওয়ার অনুরোধ করেন। ঘটনার তদন্তে উঠে এসেছে চাঞ্চল্যকর তথ্য। টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদনে জানা যায়, ধর্ষণের আগে দুই দিন আগে থেকেই ছাত্রীটিকে ফাঁদে ফেলতে মনোজিত পরিকল্পনা করছিলেন। সে জানত, মেয়েটি পরীক্ষার ফর্ম জমা দিতে কলেজে আসবে। তার দুই সহযোগীকে নির্দেশ দেয় যাতে সন্ধ্যা পর্যন্ত আটকে রাখার জন্য। পুলিশ সূত্রে জানা গেছে, ধর্ষণের স্থান ছিল কলেজের নিরাপত্তারক্ষীর ঘরগুলোর ও নজরবিহীন একটি কক্ষ। সেখান থেকেই উদ্ধার করা হয়েছে আলামতস্বরূপবিছানার চাদরসহ একাধিক সামগ্রী, যেগুলো ফরেনসিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

ভুক্তভোগীকে কলেজ ইউনিয়নের 'সাধারণ সম্পাদক' হওয়ার প্রলোভন দেখিয়ে মনোজিত তার কাছে পৌঁছায়। অথচ জানা যায়, বহু বছর ধরে কলেজে কোনো ছাত্রসংগঠন নেইড়উক্ত পদটি ছিল সম্পূর্ণ কাল্পনিক। এটি ছিল পরিকল্পনার অংশমাত্র।

ঘটনার পরদিনই মনোজিত ও জায়েবকে বালিগঞ্জ রেলস্টেশনের কাছ থেকে এবং প্রমিতকে নিজ বাসা থেকে গ্রেফতার করে পুলিশ।তাদের স্বীকারোক্তিতে ঘটনার সত্যতা উঠে এসেছে। কলকাতা পুলিশ জানায়, "এটি অত্যন্ত ন্যক্কারজনক ও গুরুতর অপরাধ। আমরা দ্রুত চার্জশিট দাখিলের প্রস্তুতি নিচ্ছি।" এই ঘটনার পর রাজ্যজুড়ে সাধারণ মানুষ ও শিক্ষার্থী মহলে ব্যাপক ক্ষোভ ছড়িয়ে পড়েছে। কলেজ প্রশাসনের নীরব ভূমিকা নিয়েও উঠেছে প্রশ্ন। শিক্ষাঙ্গনে এভাবে নারীর নিরাপত্তা ভঙ্গ হওয়াকে অনেকে 'ব্যর্থতার প্রতিচ্ছবি' বলেই মনে করছেন।

## আমলকির স্বাস্থ্য উপকারিতা

আমলকির আচার হজমে সাহায্য করে। ৫. প্রতিদিন সকালে আমলকির রসের সঙ্গে মধু মিশে খাওয়া যেতে পারে। এতে ত্বকের কালো দাগ দূর হবে ও ত্বকের উজ্জ্বলতা বাড়বে। ৬. আমলকির রস দৃষ্টিশক্তি বাড়াতে সাহায্য করে। এছাড়াও চোখের বিভিন্ন সমস্যা যেমন চোখের প্রদাহ। চোখ চুলকানি বা পানি পড়ার সমস্যা থেকে রেহাই দেয়। আমলকি চোখ ভাল রাখার জন্য উপকারী। এতে রয়েছে ফাইটো-কেমিক্যাল যা চোখের সঙ্গে জড়িত ডিজেনারেশন প্রতিরোধ করতে সাহায্য করে। ৭. প্রতিদিন আমলকির রস খেলে নিঃশ্বাসের দুর্গন্ধ দূর হয় এবং দাঁত শক্ত থাকে। আমলকির টক ও তেতো স্বাদ রুচি বৃদ্ধি ও স্বাদ বাড়ায়। রুচি বৃদ্ধি ও খিদে বাড়ানোর জন্য আমলকী গুঁড়োর সঙ্গে সামান্য মধু ও মাখন মিশিয়ে খাওয়ার আগে খেতে পারেন। ৮. রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় এবং মানসিক চাপ কমায়। কফ, বমি, অনিদ্রা, ব্যথা-বেদনায় আমলকি অনেক উপকারী। ব্রঙ্কাইটিস ও অ্যাজমার জন্য আমলকির জুস উপকারী। ৯. শরীর ঠান্ডা রাখে, শরীরের কার্যক্ষমতা বাড়িয়ে তোলে, পেশী মজবুত করে। এটি হৃদযন্ত্র, ফুসফুসকে শক্তিশালী করে ও মস্তিষ্কের শক্তিবর্ধন করে। আমলকির আচার বা মোরব্বা মস্তিষ্ক ও হৃদযন্ত্রের দুর্বলতা দূর করে। শরীরের অপ্রয়োজনীয় ফ্যাট ঝরাতে সাহায্য করে। ১০. ব্লাড সুগার লেভেল নিয়ন্ত্রণে রেখে ডায়াবেটিস প্রতিরোধ করতে সাহায্য করে। কোলেস্টেরল লেভেলও কম রাখতে যথেষ্ট সাহায্য করে।

## গাংনীতে পঞ্চপান্ডবের শাসন কায়েম

নিয়োগ, বদলি, টেন্ডার, প্রকল্প সবকিছুর নিয়ন্ত্রক ছিলেন পাঁচ নেতা!

হোসেন বিজয়ী হয়েছে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেন। অভিযোগ রয়েছে, সুষ্ঠু নির্বাচন হলে তিনি বিজয়ী হতেন। কিন্তু প্রশাসনের সহায়তায় ভোটারদের কেন্দ্রে যেতে নিরুৎসাহিত করা হয় এবং শেষ পর্যন্ত নির্বাচিত হন সাগর। স্থানীয় মানুষের অভিযোগ, এই পঞ্চপাণ্ডবের বাইরে সাধারণ তৃণমূলের কোনও মতামত বা প্রস্তাব এমপি সাগরের কানে পৌঁছাতো না। এমনকি ফোনে যোগাযোগ করলেও এমপি নিজে ফোন ধরতেন না, বরং দলের এই বলয়ের কেউ ফোন রিসিভ করে 'এমপি সাহেব ব্যস্ত' বলে সংযোগ কেটে দিতেন। রাজনীতিতে সরাসরি সম্পৃক্ত না থাকা সত্ত্বেও চিকিৎসা পেশা থেকে অবসর নিয়ে সরাসরি সংসদ সদস্য পদে নৌকা প্রতীকের মনোনয়ন পান নাজমুল হক সাগর। স্থানীয় নেতাকর্মীদের ভাষ্য, প্রভাবশালী সাবেক এমপি বাবা নুরুল আহমেদ ও সংরক্ষিত নারী আসনের সাবেক এমপি স্ত্রী সেলিনা আক্তার বানুর প্রভাবে দলীয় হাইকমান্ডের কাছে জায়গা করে নেন তিনি। নাম প্রকাশে অনিচ্ছুক এক প্রবীণ সাংবাদিক জানান, এমপি সাগরের ছত্রছায়ায় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বিপুল সম্পদের মালিক হয়েছেন। ছেটাইয়া নদীর পাড়ে সরকারি জমি দখল করে ঘের বানানো থেকে শুরু করে উপজেলা প্রকল্পে অর্থ নয়ছয় সবকিছুই হয়েছে বলয়ের প্রভাবে। মটমুড়া ইউনিয়নের চেয়ারম্যান সোহেল আহমেদ নিয়ন্ত্রণ করতেন টিআর, কাবিখা প্রকল্প। টেন্ডার ও বরাদ্দ বণ্টনেও পঞ্চপাণ্ডবের একচ্ছত্র দখল ছিল বলে অভিযোগ ওঠে। গাংনী বাজারের ব্যবসায়ী কল্লোল বলেন, "সাগর সাহেব একেন চিকিৎসক হিসেবে, ভেবেছিলাম জনসেবায় ভিন্নতা আসবে। কিন্তু দেখা গেল পাঁচ নেতার প্রাচীর ভেঙে সাধারণ মানুষ তো দূরের কথা, ইউনিয়নের চেয়ারম্যানরাও তার কাছে পৌঁছাতে পারেন না।" পঞ্চপাণ্ডবদের সাথে বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও কেউ সাড়া দেননি তাদের কেউ জেলে, কেউ আত্মগোপনে, কেউ নিখোঁজ। একজন পেশাদার চিকিৎসক যখন রাজনীতিতে প্রবেশ করেন, জনগণের প্রত্যাশা থাকে পরিবর্তনের। কিন্তু গাংনীতে সেই পরিবর্তন হয়নি বলেই অভিযোগ উঠছে। বরং গড়ে উঠেছিলো এক নতুন প্রভাবশালী বলয়, যার ছায়ায় শাসন নয়, বরং শোষণ বেড়ে গিয়েছিলো এমনটাই মনে করেন স্থানীয় মানুষ।

## স্ত্রীর সঙ্গে ঝামেলার কারণে জরিমানা

করতে হবে।" আদালতের অন্তর্বর্তী আদেশ অনুযায়ী, ট্রায়াল কোর্টকে ছয় মাসের মধ্যে মূল আবেদন নিষ্পত্তি করার নির্দেশ দেওয়া হয়েছে। ট্রায়াল কোর্টে যখন পূর্ণাঙ্গ শুনানি হবে, তখন ভরণপোষণের পরিমাণ ৬ লাখ রুপি পর্যন্ত বাড়তে পারে বলে ধারণা করছেন সংশ্লিষ্টরা। কারণ, শুরুতে হাসিন জাহান ৭ লাখ ও ৩ লাখ রুপি দাবি করে আবেদন করেছিলেন। উল্লেখ্য, ২০১৪ সালে হাসিন জাহানকে বিয়ে করেন মোহাম্মদ শামি। ২০১৮ সালে স্ত্রীর বিরুদ্ধে ঘরোয়া সহিংসতার অভিযোগ আনেন হাসিন। ওই সময় শামি ও তাঁর পরিবারের বিরুদ্ধে আলিপুর আদালতে একটি পিটিশন দাখিল করেন তিনি। সেই মামলায় আদালত মেয়ের জন্য ৮০ হাজার রুপি ভরণপোষণ নির্ধারণ করেছিল।দাম্পত্য সম্পর্ক এখনও আইনতভাবে শেষ হয়েছে কি না, সেটি এখনো পরিষ্কার নয়। ক্রিকেটের দিকে তাকালে দেখা যায়, সর্বশেষ আন্তর্জাতিক ম্যাচে শামি খেলেছিলেন ২০২৫ সালের ৯ মার্চ নিউজিল্যান্ডের বিপক্ষে চ্যাম্পিয়নস ট্রফির ফাইনালে। দুবাইয়ে অনুষ্ঠিত সেই ম্যাচে ভারত জয়লাভ করে এবং শামি নেন ৯ উইকেট। তবে আইপিএলে সানরাইজার্স হায়দরাবাদের হয়ে তাঁর সময়টা ভালো যায়নি। খরুচে বোলিংয়ের পাশাপাশি দলও বাদ পড়ে যায় প্রথম রাউন্ডেই।শামির ক্যারিয়ার যেমন উত্থান-পতনে ভরা, তেমনি তাঁর ব্যক্তিগত জীবনও চলছে টানাপড়েনে। সামনের দিনগুলোতে এই সংকট কতটা গভীর হবে, সেটিই এখন দেখার বিষয়।

## ইরান ইস্যুতে রাশিয়ার সঙ্গে গোপনে

সংঘাত নিয়ন্ত্রণে রেখে ওয়াশিংটনের সঙ্গে বৃহত্তর একটি সমঝোতায় পৌঁছানো। ইসরায়েল চায়, ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের জোট গড়ে তুলতে, ঠিক যেমনটা লেবাননের সঙ্গে আগে হয়েছিল। এই প্রেক্ষাপটে আগামী সপ্তাহে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহুর বৈঠক গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

রাশিয়ার কৌশল: ভারসাম্য রক্ষা ও সুযোগ নেওয়া রাশিয়া বহুদিন ধরেই মধ্যপ্রাচ্যে দ্বৈত কৌশল অনুসরণ করছে। ১৩ জুন ইসরায়েলের হামলায় ইরানের উচ্চপর্যায়ের সামরিক কর্মকর্তা ও বিজ্ঞানী নিহত হওয়ার পর, রাশিয়া প্রকাশ্যে ইসরায়েলের বিরুদ্ধে কঠোর বিবৃতি দিলেওড়আসলে তা রাজনৈতিক বার্তার বাইরে কোনো বড় পদক্ষেপে গড়ায়নি। এটি বোঝায়, মস্কো চায় না দুই মিত্রের মধ্যে সম্পূর্ণ ছিন্নভিন্ন সম্পর্ক হোক। ইউক্রেন যুদ্ধ নিয়ে পশ্চিমাদের নজর অন্যদিকে সরাতে ইসরায়েল-ইরান উত্তেজনা রাশিয়ার জন্য সহায়ক হতে পারে। ফলে মধ্যপ্রাচ্যে মধ্যস্থতাকারী হিসেবে নিজেদের উপস্থিতি জোরদার করার সুযোগ খুঁজছে মস্কো।একদিকে রাশিয়ার সঙ্গে গোপন যোগাযোগ রেখে অন্যদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে বড় সমঝোতার চেষ্টা করছে। আঞ্চলিক নিরাপত্তার পাশাপাশি এটি অভ্যন্তরীণ রাজনীতিতেও নেতানিয়াহুর অবস্থানকে শক্তিশালী করতে পারে।

"আব্রাহাম অ্যাকর্ডস" সম্প্রসারণের মাধ্যমে ইসরায়েল চায় নতুন জোট গড়ে তুলতে। এমনকি ইঙ্গিত পাওয়া যাচ্ছে, সিরিয়ার সঙ্গেও পরোক্ষ আলোচনা শুরু হতে পারে। এই গোপন কূটনীতি একদিকে ইসরায়েলের বাস্তববাদী ভূরাজনৈতিক কৌশলকে তুলে ধরে, অন্যদিকে রাশিয়ার 'ভারসাম্যের খেলা' আরও স্পষ্ট করে। ইরান, সিরিয়া, রাশিয়া, ইসরায়েল এবং যুক্তরাষ্ট্র সব পক্ষই এখানে একে অপরের পদক্ষেপে নজর রেখে কৌশলীভাবে এগোচ্ছে। এই পরিস্থিতি কেবল মধ্যপ্রাচ্যের ভবিষ্যৎই নয়, ইউক্রেন যুদ্ধ ও বৈশ্বিক ভূরাজনীতিতেও প্রভাব ফেলতে পারে।

## টোকারা দ্বীপপুঞ্জে টানা ভূমিকম্পে

দুর্বল হয়ে পড়ে। আমরা সবাই মানসিকভাবে ক্লান্ত।" টোকারা দ্বীপপুঞ্জে ১২টি দ্বীপ থাকলেও মাত্র ৭টিতে মানুষের বসবাস। এই দ্বীপগুলোতে বাস করে আনুমানিক ৭০০ জনের মতো মানুষ। অনেক দ্বীপে নেই কোনো হাসপাতাল। আশপাশের চিকিৎসাসেবা নিতে হলে ফেরিতে ৬ ঘণ্টা পাড়ি দিয়ে কাগোশিমা শহরে যেতে হয়। ফলে ভূমিকম্পের মাঝে আহত বা অসুস্থ ব্যক্তিদের চিকিৎসা এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। ভূমিকম্পের কারণে স্থানীয় প্রশাসন গেস্টহাউসগুলোকে জরুরি আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের প্রস্তুতি নিচ্ছে। ইতিমধ্যে অনেক গেস্টহাউস নতুন পর্যটক নেওয়া বন্ধ করে দিয়েছে। লোকসংখ্যা কম হওয়ায় সংবাদমাধ্যমের আগ্রহ বেড়েছে দ্বীপগুলোর বাসিন্দাদের প্রতি। তবে প্রশাসন অনুরোধ জানিয়েছে, বাসিন্দাদের যেন অতিরিক্ত ফোন বা সাক্ষাৎকারের মাধ্যমে মানসিকভাবে বিরক্ত করা না হয়।

জাপানে প্রতিবছর গড়ে ১৫০০টি ভূমিকম্প হয়। তবে ২০১১ সালের ভয়াবহ ভূমিকম্প ও সুনামিতে প্রায় ১৮ হাজার মানুষের মৃত্যুর পর থেকে দেশজুড়ে 'দ্য বিগ ওয়ান' নামে পরিচিত এক বিপর্যয়কর ভূমিকম্পের শঙ্কা চেপে বসে আছে জনগণের মনে। সরকারও বলছে, একটি বড় মাত্রার ভূমিকম্পে প্রায় ৩ লক্ষাধিক মানুষের প্রাণহানির আশঙ্কা রয়েছে। এই পরিস্থিতিতে চলতি সপ্তাহেই জাপানি সরকার নতুন করে বাধ নির্মাণ, আশ্রয়কেন্দ্র তৈরি ও জনগণকে প্রস্তুত রাখতে নানা পদক্ষেপের ঘোষণা দিয়েছে। টোকারা দ্বীপপুঞ্জের ভূমিকম্প হয়তো এ মুহূর্তে বড় কোনো ক্ষতি ঘটায়নি, কিন্তু এটি আবারও প্রমাণ করেছে প্রকৃতির আগ্রাসনের সামনে মানুষ কতটা অসহায়। ঘন ঘন ভূমিকম্পে ভীত হয়ে পড়া দ্বীপবাসীদের এখন একটাই চাওয়াড় ভূমিকম্প বন্ধ হোক, শান্তিতে একটু ঘুমানো যাক।

## চানখাঁরপুলে হত্যা মামলায় অভিযোগ

শুনানি করেন আইনজীবী শিবলী সাদেকীন ও আসামী কনস্টেবল নাসিরুল ইসলামের পক্ষে শুনানি করেন আইনজীবী আবুল হাসান।

অন্যদিকে, পলাতক ৪ আসামিদের পক্ষে শুনানি করেন রাষ্ট্র নিযুক্ত আইনজীবী মো. কুতুবউদ্দিন।

এই মামলার পলাতক চার আসামিকে ট্রাইব্যুনালে হাজির হতে গত ৩ জুন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের দেয়া হয়।

যাদের বিরুদ্ধে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয় তারা হলেন- ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক কমিশনার হাবিবুর রহমান, সাবেক যুগ্ম কমিশনার সুদীপ কুমার চক্রবর্তী, রমনা অঞ্চলের সাবেক অতিরিক্ত উপ-কমিশনার শাহ্ আলম মো. আখতারুল ইসলাম, রমনা অঞ্চলের সাবেক সহকারী কমিশনার মোহাম্মদ ইমরুল।

তবে পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার পরও পলাতক আসামিরা হাজির না হওয়ায়, তাদের পক্ষে রাষ্ট্র নিযুক্ত আইনজীবী নিয়োগ দেওয়া হয়।

ছাত্র-জনতার গণঅভ্যুত্থান চলাকালে গত ৫ আগস্ট রাজধানীর চানখাঁরপুলে গুলি করে ৬ জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় প্রথম (ফরমাল চার্জ) আনুষ্ঠানিক অভিযোগ গত ২৫ মে আমলে নেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

এই মামলার অভিযোগে বলা হয়, রাজধানীর চানখাঁরপুল এলাকায় আসামিগণ নিরস্ত্র ও শান্তিপূর্ণ আন্দোলনকারীদের ওপর প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করে এবং শহীদ শাহরিয়ার খান আনাস, শেখ মাহদি হাসান জুনায়েদ, শহীদ মো ইয়াকুব, শহীদ মো. রাকিব হাওলাদার, শহীদ মো ইসমামুল হক ও শহীদ মানিক মিয়াকে গুলি করে হত্যা করে।

এই মামলায় আসামি করা হয় সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমানসহ ৮ জনকে। তাদের মধ্যে গ্রেফতার আছেন ইন্সপেক্টর আরশাদ, কনস্টেবল মো. সুজন, কনস্টেবল ইমাজ হোসেন ইমন ও কনস্টেবল নাসিরুল ইসলাম।

গত জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলন নির্মূলে আওয়ামী লীগ সরকার, তার দলীয় ক্যাডার ও সরকারের অনুগত প্রশাসনসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একটি অংশ গণহত্যা ও মানবতা বিরোধী অপরাধ সংগঠিত করে বলে একের পর এক অভিযোগ জমা পড়ে।

জাজ্বল্যমান এসব অপরাধের বিচার এখন অনুষ্ঠিত হচ্ছে দুটি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে।

## এফবিসিসিআইয়ের নির্বাচন পেছাল

বিধিমালা অনুযায়ী, তাতে পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে কমে ৪৬ জনে আসবে। এই ৪৬ সদস্যের মধ্যে থাকবেন একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি ও দুজন সহ-সভাপতি, যারা পরে নির্বাচিত পরিচালকদের ভোটে নির্বাচিত হবেন। গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকার পতনের পর ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই সভাপতি মাহবুবুল আলম পদত্যাগ করেন। গত বছরের ১১ সেপ্টেম্বর সংগঠনটির পর্ষদ ভেঙে দিয়ে পরবর্তী কার্যক্রম পরিচালনা ও নির্বাচনের আগে পর্যন্ত দায়িত্ব পালনের জন্য প্রশাসক বসায় সরকার।

## গুমে সেনা সদস্যদের সংশ্লিষ্টতা

সম্পর্কে করা আরেক প্রশ্নের জবাবে সেনা কর্মকর্তা শফিকুল ইসলাম বলেন, সেনাবাহিনী এখন পর্যন্ত ৪০০ জনের বেশি কিশোর গ্যাংয়ের সদস্যকে গ্রেফতার করেছে। সেনাবাহিনীর পক্ষে অলিতে-গলিতে থাকা সম্ভব না। তবে তথ্য পাওয়ার সঙ্গে সঙ্গে সেনাবাহিনী দ্রুত গিয়ে ব্যবস্থা নিচ্ছে।

## পানিতে গলে যাওয়া স্মার্ট মেমোরি

ক্ষমতা একত্রে প্রয়োগ করতে পেরেছি। ড. সাংহো আরও জানান, ভবিষ্যতে এই প্রযুক্তিকে আরও আধুনিক করে 'স্মার্ট ও অস্থায়ী ইলেকট্রনিক ডিভাইস'-এ রূপান্তর করা হবে, যার মধ্যে থাকবে নিজে নিজে মেরামতের ক্ষমতা ও আলোতে প্রতিক্রিয়া দেখানোর ক্ষমতা। এর মাধ্যমে পরিবেশবান্ধব ও বায়োইলেকট্রনিক ডিভাইসের বানিজ্যিক ব্যবহার শুরু করা সহজ হবে। ডিভাইসটি পরীক্ষায় প্রমাণ করেছে, এটি এক মিলিয়নের বেশি বার চালু ও বন্ধ অবস্থার মধ্যে পার্থক্য করতে পারে এবং ১০ হাজার সেকেন্ডের বেশি সময় ধরে তথ্য সংরক্ষণ করতে পারে। এছাড়া ২৫০ বারেরও বেশি লেখালেখি ও মুছে ফেলার পরেও এর গুণমান নষ্ট হয়নি। এমনকি ৩,০০০ বার বাঁকানো হলেও এতে কোনো ক্ষতি হয়নিড়া একটি জৈব মেমোরি ডিভাইসের জন্য বিরল দৃষ্টান্ত। এই স্মার্ট মেমোরি চিপ মানব দেহেও প্রতিস্থাপন করা যায়। বিজ্ঞানীরা এমনভাবে এর গঠন নিয়ন্ত্রণ করতে পারেন যাতে এটি প্রয়োজন অনুযায়ী গলে যায়। যখন বাইরের স্তর গলে যায়, তখন পুরো ডিভাইসটি পানি দিয়ে ধুয়ে ফেললে মাত্র ৭২ ঘণ্টার মধ্যে সম্পূর্ণভাবে অদৃশ্য হয়ে যায়, কোনোরকম আবর্জনা বা বিষাক্ত পদার্থ না রেখে।

উল্লেখযোগ্য বিষয় হলো, চলতি মাসেই জাপানের বিজ্ঞানীরা সাগরের পানিতে গলে যাওয়া এক ধরনের প্লাস্টিক আবিষ্কারের খবর দেন। সে প্লাস্টিকও পরিবেশবান্ধব এবং মাটিতে উপকারী উপাদান নাইট্রোজেন ও ফসফরাসড়ফেলে যায়। এই দুটি আবিষ্কার প্রযুক্তি ও পরিবেশ রক্ষার ক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা করেছে।

## ঋতুপর্ণাকে 'বাংলাদেশের মেসি' বললেন কিরণ

বিশেষ সংবাদদাতা

বাংলাদেশ নারী ফুটবল দল এশিয়ান কাপে খেলার যোগ্যতা অর্জনের পর বৃহস্পতিবার গণমাধ্যমের কাছে নিজের প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন বাফুফের নারী উইংয়ের চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরণ। বাফুফে ভবনে তিনি প্রতিক্রিয়া জানাতে গিয়ে মিয়ানমারের বিপক্ষে দর্শনীয় দুই গোল করা ঋতুপর্ণা চাকমাকে উপাধি দিয়েছেন 'বাংলাদেশের মেসি' হিসেবে।

পুরুষ দলের আছেন হামজা দেওয়ান চৌধুরী, মেয়েদের দলে ঋতুপর্ণা চাকমা-কীভাবে তুলনা করবেন? কিরণ বলেছেন, 'দুই দলই আমাদের। তুলনার কিছু নেই। ঋতুপর্ণা বাংলাদেশের মেসি। হামজাও ভালো ফুটবলার কোনো সন্দেহ নেই। হামজাও আমাদের দেশের জন্য গর্বের। সামনে এশিয়ান কাপ বাছাইয়ের ম্যাচ আছে। আমার বিশ্বাস, সেখানেও হামজা ভালো করবে। ছেলেরাও এগিয়ে যাবে। ছেলে-মেয়ে দুটো দলই আমাদের, তুলনা করার কিছু নেই। কিন্তু আবারও বলছি, ঋতুপর্ণা আমাদের মেসি, এটা বলার অপেক্ষা নেই। ও যেভাবে বল টেনে নিয়ে যায়, মেসি ছাড়া তো আর কারও মতো নয়।'



কিরণ যোগ করেন, 'মেয়েরা আমার কথা শোনে। ম্যাচের আগে আমি তাদের শপথ পড়াই, কথা বলি। আমি যা যা বলি, ওরা ঠিক সেগুলো মাঠে বাস্তবায়ন করে। এ থেকেই বোঝা যায়, ওদের নিবেদন ও শৃঙ্খলা কতটুকু আছে। মিয়ানমার ম্যাচের আগে আমি তাদের বলেছিলাম ২০ মিনিটের ভেতর অবশ্যই গোল করবে। সেটার জন্যই মাঠে নামবে। এগিয়ে গেলে স্বাভাবিকভাবেই ওরা মানসিকভাবে দুর্বল হয়ে পড়বে। ওদের মানসিকভাবে দুর্বল করার জন্য এটা তোমাদের করতে হবে। ঋতুপর্ণা কিন্তু ১৮ মিনিটে গোল করেছে। তারা সেই কথা রেখেছে এবং রুপনাকে যা বলেছি, গোলপোস্টে ঠিক সেটাই করেছে। প্রতিটা জিনিস যা যা বলেছি, সব খেলোয়াড় তা করেছে।'

কোচকে ধন্যবাদ জানাতেও ভুল করেননি কিরণ। বলেন, 'আমি ধন্যবাদ জানাই পিটার বাটলারকে। তিনি অনেক ভালো কোচ। তিনি জানেন ডাগআউটে থেকে কীভাবে দলকে এগিয়ে নিতে হবে এবং সেই কাজটাই করেছেন। উনার সঙ্গে আমার অনেকবার কথা হয়েছে। আগামী দিনগুলোতেও আমরা সেভাবে এগিয়ে যাবো।'

মেয়েদের এই অর্জনের পর এশিয়ার অনেক দেশ থেকে অভিনন্দনবার্তা পেয়েছেন উল্লেখ করে কিরণ বলেছেন, 'আমাদের জন্য অনেক বেশি সম্মানের। শুধু বাংলাদেশ নয়, গোটা এশিয়া থেকে আমি বার্তা পেয়েছি। কারণ আমি এএফসির নির্বাহী কমিটির সদস্য, ফিফা কাউন্সিলেরও সদস্য ছিলাম। বিশ্বব্যাপী সবার সঙ্গে আমার যোগাযোগ আছে। এই সফলতার জন্য সবাই অভিনন্দন জানিয়েছেন। বলেছেন, আমাদের পরিশ্রমের জন্য এটা সম্ভব হয়েছে।'

বাংলাদেশের বিশ্বকাপে খেলারও সুযোগ আছে উল্লেখ করে কিরণ বলেছেন, '২০২৬ সালের মার্চে অস্ট্রেলিয়ায় এশিয়ান কাপ হবে। সেখানেও আমাদের অনেক সুযোগ আছে। সেরা ছয়টি দল চলে যাবে বিশ্বকাপে। পরের দুটি দল আবার খেলবে অলিম্পিকে। কাল-পরশুর ভেতরে আমি বাফুফে সভাপতির সঙ্গে কথা বলব। অবশ্যই পরিকল্পনা আছে। কারণ সুযোগ বারবার আসে না। আমাদের যেহেতু সুযোগ এসেছে আমরা সেটাকে সঠিকভাবে ব্যবহার করবো। আমরা অবশ্যই আরও শক্তিশালী দলের বিপক্ষে খেলতে চাই। কারণ এশিয়ান কাপ যখন খেলতে, তখন কিন্তু অনেক শক্তিশালী দেশ খেলবে। জাপান, কোরিয়া, চীন, অস্ট্রেলিয়া থাকবে। তাই সেই প্রস্তুতি নিয়েই আমাদের যেতে হবে। যে কয় মাস পাব, আমরা সেটাকে সেভাবে ব্যবহার করবো।'

বিদেশি লিগে মেয়েদের পাঠানো প্রসঙ্গে কিরণ বলেছেন, 'এই যে অফারগুলো আসে, এটা কিন্তু আমরা যোগাযোগ করে ওইভাবে নিয়ে আসতে পারব না। ওটা সম্ভব না। ফাইনাল খেলতে ওরা যখন অস্ট্রেলিয়াতে যাবে, ঋতুপর্ণা এই লেভেলে খেললে তখন দেখবেন ইউরোপিয়ান ক্লাব থেকে ওর কাছে অফার আসবে। বিভিন্ন দেশ থেকে অফার আসবে। খেলোয়াড়দের খেলাগুলো মানুষের দেখতে হবে। মানুষ যখন খেলা দেখবে, তখন অফার আসবে। ভুটানে ওরা খেলছে নিজেদের ইচ্ছায়। আমরা কিন্তু ভুটানের লিগে খেলানোর পক্ষে না। কারণ ভুটানের লিগ তেমন ভালো নয়। ওরা যেতে চাচ্ছে, আমরা চিন্তা করলাম ওদের মেন্টাল রিফ্রেশমেন্ট হবে...যাক খেলে আসুক। ভুটান লিগে খেলে তো অবশ্যই উন্নতি করবে না। ওদের ভালো লিগে খেলতে হবে।

## দ্রুত বিচার ট্রাইব্যুনালে ৫ জনের মৃত্যুদণ্ড

অটোরিকশার গতিরোধ করে। এরপর দেলোয়ারকে নামিয়ে লোহার রড, হাতুড়ি ও ধারালো অস্ত্র দিয়ে পিটিয়ে এবং কুপিয়ে গুরুতর জখম করে। দুলাল সরদার বাঁচাতে গেলে তাকেও কুপিয়ে ও মারধর করে জখম করা হয়। ভাগনি পারভীন আক্তার বাধা দিতে গেলে তাকেও মারধর করা হয়। পরবর্তী সময়ে আশপাশের লোকজন এসে আহতদের উদ্ধার করে শরীয়তপুর সদর হাসপাতালে নেয়। দেলোয়ারকে ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে স্থানান্তর করলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় নিহতের পিতা সালাম সরদার বাদী হয়ে মামলা দায়ের করেন।

**জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার**
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
সিরিয়াল : ০১৩২৮-৯৮৬১১১, পরিচালক: ০১৭৯৫-৯০৯৫৮৫, ০১৭১১-০৫১১১৪

**ডাঃ ফারহানা ফেরদৌসী**
নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য) এমডি (নিওনেটোলজি) বিএসএমএমইউ সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।

**ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)**
রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
এম.বি.বি.এস (এস.এস.এম.সি),বিসিএস (স্বাস্থ্য) এম.এস (কার্ডিওভাসকুলার এন্ড থোরাসিক সার্জারী)
এফ.সি.পি.এস (এফপি)-জেনারেল সার্জারী জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত (শুক্রবার বাদে)।

**ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)**
স্ত্রী, পসূতি ও বন্ধ্যত্ব রোগ চিকিৎসক সার্জন
এমবিবিএস, এসএসএমসি, বিসিএস(স্বাস্থ্য), সিএমইউ( আল্ট্রাসনোগ্রাফি), এফসিপিএস ( শেষ পর্ব) স্ত্রী রোগ ও প্রসূতিবিদ্যা বিভাগ, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল ,মেহেরপুর, এক্স সহকারি রেজিস্টার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ৩ টা থেকে বিকাল ৬টা পর্যন্ত (শুক্রবার বাদে)।

**ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)**
চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) এ ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও এলার্জি রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেহ হাসপাতাল, সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

**রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার**
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮৩৮৬১১

**ডাঃ ফাতেমা জান্নাত**
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিসিন ও গাইনী
মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখেন : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।

**ডা রবিউল ইসলাম আবির**
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।

**ডাঃ ফরহাদ পারভেজ**
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।

**ডাঃ আকতার উজ্জামান**
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ - দুপুর ১ টা ও বিকাল ৪টা- সন্ধ্যা ৭ টা।

**মাইক্রোপ্যাথ ল্যাব**
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল: ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল: ০১৭৮৮-২২১৩৩৫

**ডাঃ সোনিয়া আহমেদ**
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
এম.বি.বি.এটা (রাজ), বি.সি.এস (স্বাস্থ্য), ডিজিও (বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়), কনসালটেন্ট গাইনী এন্ড অবস। রোগী দেখেন : প্রতি রবি ও বুধবার দুপর ২টা থেকে ৫টা।

**ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)**
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এমডি (কার্ডিওলজি) এফসিপিএস, মেডিসিন (শেষ পর্ব), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকা।
রোগী দেখেন : বৃহস্পবিার বিকাল ৪টা থেকে রাত্রি ৮টা এবং শুক্রবার সকাল ৯টা থেকে

**ডাঃ মোঃ মাহবুবুর রহমান**
মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
এম.বি.বি.এস, বি,সি,এস (স্বাস্থ্য) , এম.ডি (ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-থিসিস), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ - বিকাল ৫:৩০ পর্যন্ত।

**ডাঃ শাহারিয়া শায়লা**
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (গাইনী এন্ড অবস্) এফপি এমসিপিএস (গাইনী এন্ড অবস্), ডিজিও-ফাইনাল, সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী), কনসালটেন্ট (প্রসূতি ও স্ত্রী রোগ), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: প্রতি সোম ও মঙ্গলবার দুপুর ৩ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। যোগাযোগ সাপেক্ষে

**করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার**
সততা সুপার মার্কেট ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর। সিরিয়াল : ০১৭৩৮-১৩১৮১৩

**ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান**
নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা।
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএিস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
রুগী দেখেন: প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ টা।

**ডাঃ ইশরাত জেরিন (ইভা)**
বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসূতি রোগে অভিজ্ঞ
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ
রুগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২:৩০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল : ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯

**ডাঃ বি ডি দাস (পিকলু)**
এম. বি. বি. এস, বি. সি. এস (স্বাস্থ্য), সি. এম. ইউ (আল্ট্রাসনো) ব্যাত ব্যথা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা পর্যন্ত



**বিসমিল্লাহ্ ফামেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে



কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

**মেসার্স রুশি ফার্মেসী**
প্রোপাইটার মোঃ রিনু



এখানে সকল প্রকার দেশি-বিদেশি ঔষধ সুলভ মূল্যে বিক্রিকরা হয়।
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল গেট মেহেরপুর
মোবাইল: ০১৭১১-৩১২২৩৫, ইমেইল:rinu000974@gmail.com

**মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার**
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭

**ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা**
স্পেশালিষ্ট পেইন এন্ড ক্রিটিক্যাল মেডিসিন, এম.বি.বি.এস, সি,সি, ডি-ডায়াবেটলজি (বারডেম) ডিএ-ডিপ্লোমা ইন এনেসথেশিয়া, পেইন এন্ড ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন (বিএসএমএমই এফ.আই.পি.এম-ফেলোশিপ ইন ইন্টারভেনশনাল পেইন ম্যানেজমেন্ট (ইন্ডিয়া) কনসালটেন্ট (এনেসথেশিয়া)-রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখেন শুক্র থেকে মঙ্গলবার সকাল ১০টা হতে বিকাল ৫টা।

**ডাঃ মোঃ আলী হায়দার**
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এমএস (অর্থোপেডিক-সার্জারী) জুনিয়র কনসালটেন্ট দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুষ্টিয়া।
রোগী দেখেন: প্রতি শুক্রবার সকাল ০৯টা হতে বিকাল ৫টা

**ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও সেক্স রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী। রোগী দেখেন: প্রতি শনিবার সকাল ৯টা হতে বিকেল ৪টা

**ডাঃ মোঃ সেলিম উদ্দীন**
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (মেডিসিন) এম.ডি: রেসিডেন্ট গ্যাস্ট্রোএন্টেরোলজি কনসালটেন্ট (মেডিসিন) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখেন : প্রতি শুক্রবার দুপুর ৩টা হতে রাত ৮টা।

**ডাঃ মোঃ ফারুক হোসেন**
মেডিসিন, চর্ম ও শিশু রোগে অভিজ্ঞ
এমবিবিএস (সিএমসি), বিসিএস (স্বাস্থ) পিজিটি (মেডিসিন) মেডিকেল অফিসার, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গাংনী, মেহেরপুর

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন

**ডাঃ বি ডি দাস (পিকলু)**
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।

**ডা. মো: আব্দুল আল মারুফ**
এমবিবিএস (রাজ) বিসিসে স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভুরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা

**ডাঃ ইসরাত জেরিন ইভা**
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা) গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।

**পুস্টিবিদ: তরিকুল ইসলাম**
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকাল্টি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

**নিউ স্কয়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহফুজুল হক সরকার
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
ডাঃ তাসমেরী নাহার
ডাঃ সেজুঁতি মেহেতাজ
ডাঃ ফরহাদ পারভেজ

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ৪ জুলাই ২০২৫ ইং

## গাংনীর মাছবাজার: এক সম্ভাবনার সফল উদাহরণ

প্রত্যন্ত অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন কীভাবে পরিকল্পিত উদ্যোগ ও জনগণের সক্রিয় অংশগ্রহণে বাস্তবায়িত হতে পারে, তার উজ্জ্বল উদাহরণ হয়ে উঠেছে মেহেরপুরের গাংনীর মাছবাজার। প্রতিদিন ভোরে মাত্র দুই ঘণ্টায় প্রায় ২৫ লাখ টাকার মাছ বেচাকেনা হয় যে বাজারে, সেটি আজ শুধু স্থানীয় অর্থনীতির চালিকাশক্তি নয়ড়একটি সামাজিক ও অর্থনৈতিক কেন্দ্রও বটে। মাত্র ছয় বছর আগেও এই বাজারটি ছিল অগোছালো, অপ্রস্তুত ও সীমিত পরিসরের। কিছু কাঠের দোকান আর হাতে গোনা ব্যবসায়ীর মাধ্যমে বাজার চলত। অথচ আজ সেখানে আটটি আড়তে প্রতিদিন গড়ে তিন থেকে সাড়ে তিন লাখ টাকার মাছ বিক্রি হচ্ছে, প্রায় দুই হাজার ক্রেতা ও ব্যবসায়ীর সমাগম ঘটছে এবং তিন শতাধিক মানুষ এই বাজারকে ঘিরে জীবিকা নির্বাহ করছেন। এই সাফল্যের পেছনে রয়েছে স্থানীয় উদ্যোক্তা, মাছচাষি ও জনগণের সচেতন অংশগ্রহণ। বাজারের গুণগত মান, টাটকা পণ্যের নিশ্চয়তা, মূল্য স্বচ্ছতা ও সরবরাহ ব্যবস্থার গতিশীলতাই দেশের অন্যান্য অঞ্চলের পাইকারদের আকৃষ্ট করছে। এতে শুধু গাংনী নয়, উপকৃত হচ্ছে চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, যশোরসহ পার্শ্ববর্তী জেলাগুলোর ব্যবসায়ীরাও।তবে এতসব সম্ভাবনার মাঝেও কিছু মৌলিক দুর্বলতা রয়ে গেছে, যেগুলো দ্রুত সমাধানের দাবি রাখে। হিমাগার না থাকা, পানিনিষ্কাশনের অপর্যাপ্ততা, ট্রাফিক ব্যবস্থার বিশৃঙ্খলা এবং রাস্তার দুরবস্থাড়এই সমস্যাগুলো বাজারের সক্ষমতাকে বাধাগ্রস্ত করছে। মাঝেমধ্যে মাছ নষ্ট হওয়ার ঘটনাও ঘটছে, যা আর্থিক ক্ষতির পাশাপাশি বাজারের ভাবমূর্তিতেও নেতিবাচক প্রভাব ফেলতে পারে। তাই এখন সময়, এই বাজারকে একটি জাতীয় মডেল হিসেবে গড়ে তোলার। এর জন্য প্রয়োজন একটি সম্পূর্ণ মাস্টারপ্ল্যান, যা কেবল অবকাঠামো উন্নয়ন নয়, পরিবেশ-সুরক্ষা, স্বাস্থ্যবিধি, নিরাপত্তা, এবং ডিজিটাল লেনদেনের মতো আধুনিক ব্যবস্থাপনাকেও অন্তর্ভুক্ত করবে। উপজেলা প্রশাসন যে দৃষ্টিভঙ্গি থেকে ইতোমধ্যে মাস্টারপ্ল্যানের উদ্যোগ নিয়েছে, তা অবশ্যই প্রশংসনীয়। তবে পরিকল্পনার পাশাপাশি বাস্তবায়নও হতে হবে দ্রুত ও কার্যকর। একটি সফল মাছবাজার কেবল মাছ বেচাকেনার স্থান নয়, বরং তা হতে পারে উন্নয়ন, কর্মসংস্থান ও সামাজিক গতিশীলতার কেন্দ্রবিন্দু। গাংনী মাছবাজার আমাদের দেখিয়েছে কীভাবে স্থানীয় সম্পদ ও উদ্যোগকে কাজে লাগিয়ে একটি ছোট শহরও বড় প্রভাব রাখতে পারে। সরকারি পৃষ্ঠপোষকতা, প্রযুক্তিগত সহায়তা ও জনগণের সহযোগিতার মাধ্যমে গাংনী মাছবাজারকে জাতীয় অর্থনীতির একটি উজ্জ্বল অনুকরণীয় মডেলে রূপ দেওয়া এখন সময়ের দাবি।

## পাশে দাঁড়ালেন একজন খাইরুল ইসলাম

মদিনা খাতুনের চোখে এক দীর্ঘ শ্বাসের মিশ্রিত দুঃখ। "আমার ছেলের মৃত্যুর পর থেকে এই সংসার টিকিয়ে রাখা এক মুশকিল কাজ হয়ে দাঁড়িয়েছে," বললেন তিনি। "আমি আর আছিয়া বেগম মিলে কখনো মাঠে কাজ করি, কখনো ঘুরে ঘুরে খুঁজে ফিরি এক বেলা খাবারের জন্য। তবুও পেট ভরে না।" বৃদ্ধার দুঃখের চিত্র আরও করুণ হয়ে ওঠে, যখন জানা যায়, তার ৯ বছর বয়সী নাতনীও অনাহারে পড়ে থাকে হয় মাঝে মাঝে। পরিবারের চার জনের ভরণ-পোষণ আজ তাঁর কাঁধে; একবার ভাবুন তো, কতটা কষ্টে দিন কাটাতে হচ্ছে এই বৃদ্ধা মাকে।

এই কঠিন সময়টায় পাশে দাঁড়ালেন ইউএনও খাইরুল ইসলাম। সংবাদকর্মীদের মাধ্যমে খবর পেয়ে তিনি নিজে সরেজমিনে ওই পরিবারের বাড়িতে গিয়ে পরিস্থিতি পর্যালোচনা করেন। "আমি যখন ওই বাড়িতে গিয়েছিলাম, যা দেখলাম তা সত্যিই হৃদয়বিদারক। এক বেলা খাবারের জন্য হাহাকার করা একজন মা, তার মেয়ের মুখেও উদ্বেগের ছাপ," ইউএনও বলেন। খাইরুল ইসলাম তাৎক্ষণিকভাবে খাদ্যসামগ্রী, নগদ অর্থসহ অন্যান্য মানবিক সহায়তা প্রদান করেন। তিনি মদিনা খাতুনকে আশ্বস্ত করেন, প্রয়োজনীয় সরকারি সুবিধা, চিকিৎসা ও নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করা হবে। পাশাপাশি এলাকার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমানও তার সঙ্গে ছিলেন। এলাকাবাসী ও স্থানীয়রা ইউএনও'র এই মানবিক উদ্যোগকে প্রশংসা করেছেন। শহর সমাজ সেবা কর্মকর্তা সোহেল মাহমুদ বলেন, "সরকারি সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় এই ধরনের পরিবারের জন্য অনেক সুযোগ-সুবিধা রয়েছে। পরিবারের পক্ষ থেকে আবেদন পেলে আমরা দ্রুত ব্যবস্থা গ্রহণ করব। আমরা সমাজের বিত্তবানদেরও আহ্বান জানাচ্ছি, যেন তারা এগিয়ে এসে এই পরিবারগুলোকে সাহায্যের হাত বাড়ায়।" মদিনা খাতুনের পরিবারকে ঘিরে এই মানবিক সহযোগিতা সমাজের অন্যদের জন্য এক উদাহরণ হয়ে দাঁড়িয়েছে। শহরের সাধারণ মানুষ বলছেন, "যদি প্রশাসন এমনভাবে মানুষের পাশে দাঁড়ায়, তাহলে সমাজ থেকে দুঃখ-দুর্দশা কমে যাবে।" ইউএনও খাইরুল ইসলাম আরও বলেন, "আমাদের কাজ শুধু আইন শৃঙ্খলা রক্ষা নয়। মানুষের মুখে হাসি ফোটানো, তাদের কষ্ট লাঘব করাই আমাদের আসল দায়িত্ব। আমরা চেষ্টা করব, যেন কেউ সমাজে একা ও অবহেলিত না থাকে।" এই উদ্যোগ মানুষের জীবনে নতুন আশার আলো নিয়ে এসেছে। মদিনা খাতুনের মতো অসহায় মানুষের জন্য এই সহায়তা যেন সমাজের অন্যতম বন্ধন হয়ে উঠেড়যেখানে তারা একাকীত্ব থেকে মুক্তি পায়, আর জীবনের যুদ্ধ লড়াইয়ে নতুন শক্তি পায়।

## কফি খেতে গিয়ে তাসকিন দেখেন

মিছিল। একসময় স্কোর দাঁড়ায় ১০৫ রানে ৮ উইকেট! মাত্র ৫ রানে হারিয়ে বসে ৭টি গুরুত্বপূর্ণ উইকেট।ওয়ানডে ক্রিকেটে এমন ধস বিরল। এ ধসের মধ্য দিয়ে বাংলাদেশ গড়েছে লজ্জার রেকর্ড। ২য় উইকেট থেকে ৮ম উইকেট পর্যন্ত সবচেয়ে কম রানে ৭ উইকেট হারানোর দিক দিয়ে এটি দ্বিতীয় দ্রুততম। ২০২০ সালে যুক্তরাষ্ট্র নেপালের বিপক্ষে ৮ রানে হারিয়েছিল ৭ উইকেট। এবার সেই তালিকায় যুক্ত হলো বাংলাদেশের নাম ৫ রানে ৭ উইকেট। ম্যাচের ওই মুহূর্তে ড্রেসিংরুমে ছিলেন পেসার তাসকিন আহমেদ। কফির কাপ হাতে ডাইনিং থেকে বেলকনিতে ফিরছিলেন তিনি। ফিরে এসে স্কোর দেখে চমকে ওঠেন। ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে তিনি বলেন, "ড্রেসিংরুমে কফি হাতে নিয়ে দেখি ৫ উইকেট পড়ে গেছে। ক্রিকেটে অনেক কিছুই ঘটে, এটা অনিশ্চয়তার খেলা। কিন্তু আমি এটা প্রত্যাশা করিনি।" ম্যাচ শেষে সামাজিক যোগাযোগমাধ্যম ও গ্যালারিতে হতাশার ছায়া। কেউ লিখেছেন, "এটা কল্পনারও অতীত।" আবার কেউ ক্ষোভ ঝেড়েছেন, "এমন ব্যাটিংয়ে হারটাই প্রাপ্য।" তবে হতাশার মধ্যেও আশাবাদী তাসকিন। বলেন, "আমরা চেষ্টা করছি। সমর্থকদের সরি বলছি সহজ ম্যাচটা দুর্ভাগ্যজনকভাবে হেরে গেছি। আমরা দ্রুত কাটিয়ে উঠব সব সমস্যা। আমরা ভালো জয় উপহার দেব। স্বপ্ন দেখা ছাড়া তো সামনে এগোনো যায় না।" এমন ধসের পরও হাল ছাড়ছেন না এই পেসার। বলেন, "আপনারা জানেন, আমরা কেমন দল। আমরা যেভাবে উইকেট হারিয়েছি, আমরা এতটা বাজে দল না। আমাদের সবারই সামর্থ্য আছে।"

## ভিজিএফের কার্ড নিয়ে দ্বন্দ্বে যুবক

এবং রফিকুল আকরামের ছেলে। নিহত আজিজ ও অভিযুক্ত পলাশ উভয়েই স্থানীয় বিএনপির কর্মী বলে জানা গেছে।

স্থানীয়রা জানায়, কিছুদিন আগে ভিজিএফের কার্ড পাওয়ার জন্য আবেদন করেন আব্দুল আজিজ। পলাশ তাকে কার্ড করে দেওয়ার আশ্বাস দিয়ে ৫০০ টাকা নেন। পরে আজিজ অনলাইনে চেক করে দেখেন, তার নামে কোনো কার্ড ইস্যু হয়নি। বুধবার রাতে বিষয়টি নিয়ে পলাশের সঙ্গে দেখা করে টাকা ফেরত চান আজিজ। একপর্যায়ে উভয়ের মধ্যে বাগবিতণ্ডা হয়।বাগবিতণ্ডার কিছু সময় পর পলাশ পরিকল্পিতভাবে ছুরি দিয়ে আজিজের পেটে আঘাত করেন। এতে আজিজ মাটিতে লুটিয়ে পড়েন। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ বিষয়ে দৌলতপুর উপজেলা বিএনপির স্থানীয় নেতা ফরজুল্লাহ বলেন, "আজিজ ও পলাশ দুজনেই বিএনপির কর্মী। পলাশ আমাদের নেতা মাহাবুল মাস্টারের অনুসারী হিসেবে এলাকায় পরিচিত। পলাশ কার্ড করে দেওয়ার কথা বলে আজিজের কাছ থেকে টাকা নিয়েছিল। পরে কার্ড না হওয়ায় এই ভয়াবহ ঘটনা ঘটে।" দৌলতপুর উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য সচিব শহীদ সরকার মঙ্গল বলেন, "আমি শুনেছি কার্ড নিয়ে বিরোধে একজন নিহত হয়েছে। এখনো বিস্তারিত জানি না, তাই এ বিষয়ে মন্তব্য করা সম্ভব নয়।" দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হুদা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, "ভিজিএফ কার্ড নিয়ে দ্বন্দ্বের জেরে এ হত্যাকাণ্ড ঘটেছে। পুলিশ ঘটনাস্থলে রয়েছে এবং পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে। অভিযুক্তকে গ্রেপ্তারে অভিযান চালানো হচ্ছে।"এই হত্যাকাণ্ডে এলাকাজুড়ে চরম উত্তেজনা বিরাজ করছে। অনেকে বলছেন, স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাবে ভিজিএফ কার্যক্রম দুর্নীতির শিকার হচ্ছে এবং তা প্রাণঘাতী দ্বন্দ্বে রূপ নিচ্ছে। তারা দ্রুত বিচার এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

# শিক্ষা গ্রহণ পদ্ধতি

আশারাফুন নাহার



জীবনের অর্থ শিক্ষা গ্রহণ আবার বেড়ে ওঠার মানেও শিক্ষা গ্রহণ। আমরা নতুন নতুন তথ্য বিশ্লেষণ এর মাধ্যমে শিখি। অন্যভাবে বলা যায় শেখার পদ্ধতির উপর ভিত্তি করেই আমরা তথ্য গ্রহণ করি। আমাদের প্রত্যেকেই নিজস্ব কিছু পদ্ধতিতে তথ্য বিশ্লেষণ করে থাকি। যেমন কেউ শুনে, কেউবা দেখে, কেউ হাতে-কলমে করে আবার কেউ কেউ আছে যারা আগের তিনটি পদ্ধতিকে একত্র করে তথ্য বিশ্লেষণ করে শিক্ষা গ্রহণ করে। আবার আমরা কিভাবে তথ্য গ্রহণ করব তা আমাদের বুদ্ধিমত্তার উপর নির্ভর করে। খবধৎহরহম ঃুষব কে কয়েক ভাবে ভাগ করা যায়। ঠঅক ষবধৎহরহম ঃুষব অনুযায়ী আমরা ৩ ভাবে শিখে থাকি :

১/ দর্শন
২/ শ্রবণ
৩/ সংবেদন এবং স্পর্শ

১/ দর্শন: এরা দেখে শিখতে পছন্দ করে। মনে মনে পড়ে। অনেক সময় নাম ভুলে যায় কিন্তু চেহারা মনে রাখতে পারে। এরা বর্ণনামূলক দৃশ্য পছন্দ করে। এরা ছবি বা চিত্রের মাধ্যমে শিখতে পছন্দ করে। অপরিচ্ছন্নতা ও সড়াবসবহঃ এদের মনোযোগে বিঘ্ন ঘটার অন্যতম কারণ। বয়সভেদে এরা ম্যানুয়াল দেখে যেকোনো কিছু তৈরি করতে পারে। এদেরকে ারংঁধষ ষবধৎহবৎ বলা হয়ে থাকে।

২/ শ্রবণ: এরা শুনে শিখতে পছন্দ করেন তাই এরা ধঁফরঃড়ৎু ষবধৎহবৎ। এরা শব্দ করে পড়তে পছন্দ করে।এরা চেহারা ভুলে গেলেও নাম মনে রাখতে পারে এবং ওই নামের ব্যক্তির সাথে কি কথা হয়েছিল তাও অনেক ক্ষেত্রেই মনে রাখতে পারে। অনেকক্ষণ টেলিফোনে কথা বলতে পছন্দ করে। এরা নির্দেশনা না দেখে অন্যের কাছে জিজ্ঞেস করে সমাধান করতে বেশী আগ্রহী। অতিরিক্ত শব্দ ও কোলাহলের ফলে সহজেই মনোযোগ হারিয়ে ফেলে।

৩/ সংবেদন এবং স্পর্শ : করহবংঃযবঃরপ ষবধৎহবৎ রা লিখে লিখে পড়া মনে রাখতে ও শিখতে পছন্দ করে। অ্যাকশনধর্মী গল্প বেশি পছন্দ করে। বারান্দা বা ঘরের ভেতরে হাঁটতে হাঁটতে কাজ করতে পছন্দ করে যেমন চিন্তা করা, পড়া মুখস্ত করা। কারো সাথে পরিচিত হওয়ার পর তার সাথে কি কাজ করেছিল তা মনে রাখতে পারে এবং তার সাথে কাটানো সময়কে অনুভব করতে পারে। এরা শারীরিক ও মানসিকভাবে নিজেকে ব্যস্ত রেখে শিক্ষা গ্রহণ করতে পছন্দ করে।

অধিকাংশ মানুষের মধ্যেই দেখা যায় যে উপরে উল্লেখিত তিনটি ষবধৎহরহম ঃুষব এর মধ্যে যে কোনো একটি ঃুষব ফড়সরহধহঃ থাকে। আবার কারো কারো ক্ষেত্রে এই তিনটি শেখার পদ্ধতি ভারসাম্যপূর্ণ অবস্থায় থাকে। আমরা যদি আমাদের শিশুর ষবধৎহরহম ঃুষবকে বুঝতে পারি তাহলে তাদেরকে শিক্ষা দেওয়া আমাদের জন্য অনেক সহজ হয়ে যাবে।

(লেখক: ডেভেলোপমেন্টাল থেরাপিস্ট,শিশু বিকাশ কেন্দ্র শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ)

# মহানবী (সা.)-এর প্রতি দরুদ পাঠের ১৫ ফজিলত

মাওলানা সাখাওয়াত উল্লাহ

মহানবী (সা.)-এর প্রতি দরুদ পাঠ শুধু একটি আমল নয়, এটি আল্লাহর দরবারে বরকতের দ্বার উন্মোচন ও দোয়া কবুলের অনন্য মাধ্যম। হৃদয়ের গভীর থেকে নবীর প্রতি ভালোবাসা ও শ্রদ্ধা প্রকাশ জীবনে শান্তি, করুণা ও মর্যাদা বয়ে আনে। মুমিনের জীবনে দরুদ পাঠের এই মহিমান্বিত আমল অবিচ্ছেদ্য অংশ হওয়া উচিত। নিচে দরুদ পাঠের ১৫টি ফজিলত বর্ণনা করা হলোড়

১. আল্লাহ তাআলা রাসুল (সা.)-এর প্রতি দরুদ ও সালাম পাঠ করার নির্দেশ দিয়েছেন।
আল্লাহ বলেন : 'নিশ্চয়ই, আল্লাহ ও তাঁর ফেরেশতারা নবীর প্রতি দরুদ (সালাত আলান্নাবী) পাঠ করে থাকেন। হে ঈমানদাররা! তোমরাও তাঁর প্রতি দরুদ পাঠাও এবং তাঁকে সালাম জানাও।' (সুরা : আহজাব, আয়াত : ৫৬)

২. দরুদ পাঠ বান্দার মর্যাদা বৃদ্ধি করে এবং তার পাপ মোচন করে। রাসুল (সা.) বলেছেন, 'যে ব্যক্তি আমার ওপর একবার দরুদ পাঠ করে, আল্লাহ তার ওপর ১০ বার রহমত বর্ষণ করেন, তার ১০টি গুনাহ ক্ষমা করে দেন এবং তার মর্যাদা ১০ গুণ বৃদ্ধি করেন।' (নাসাঈ, হাদিস : ১২৯৭)

৩. নবীর ওপর দরুদ পাঠ এমন একটি আমল, যা বান্দার যেকোনো দুশ্চিন্তা দূর করে এবং তার প্রয়োজন পূরণের মাধ্যম হয়। উবাই ইবনে কাব (রা.) থেকে বর্ণিত হাদিসে বেশি বেশি দরুদ পাঠের ফজিলত সম্পর্কে মহানবী (সা.) বলেন, 'তাহলে তোমার দুশ্চিন্তা দূর করা হবে এবং তোমার পাপ ক্ষমা করে দেওয়া হবে।' (তিরমিজি, হাদিস : ২৪৫৭)

৪. নবী (সা.)-এর ওপর দরুদ পাঠ করা তাঁর উম্মতের ওপর অর্পিত গুরুত্বপূর্ণ কর্তব্যগুলোর অন্যতম। আমরা তাঁর মাধ্যমে যে অগণিত কল্যাণ পেয়েছি, তা ভাষায় প্রকাশ করা যাবে না। তাই তাঁর প্রশংসা করা ও তাঁর জন্য দোয়া করা্ল এমন কর্তব্য, যা আমাদের নিয়মিত পালন করা উচিত।

৫. দরুদ পাঠ নবীজির শাফাআত (সুপারিশ) লাভের একটি গুরুত্বপূর্ণ উপায়। হাদিসে এসেছে, 'যে ব্যক্তি প্রতিদিন সকাল ও সন্ধ্যায় ১০ বার করে রাসুল (সা.)-এর ওপর দরুদ পাঠ করবে, ওই ব্যক্তি নবীজির শাফাআতের অধিকারী হবে।' (তাবারানি : ২/২৬১)
অন্য হাদিসে বর্ণিত হয়েছে, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি মুহাম্মাদ (সা.)-এর ওপর দরুদ পাঠ করে এভাবে দোয়া করবেড়'হে আল্লাহ! কিয়ামতের দিন তাঁকে তোমার সান্নিধ্য দান করো, তাহলে তার জন্য আমার শাফাআত ওয়াজিব হয়ে যাবে।' (আত-তারগিব, হাদিস : ১০৩৮)

৬. যখন কোনো বান্দা রাসুল (সা.)-এর ওপর দরুদ পাঠ করে, তখন আল্লাহ তাআলা নিজেই তাঁর প্রতি রহমত বর্ষণ করেন এবং সম্মানিত মজলিসে তাঁর প্রশংসা করেন। বান্দা যত বেশি দরুদ পাঠ করবে, আল্লাহ তার প্রশংসা তত বেশি করবেন এবং তাকে তত বেশি মর্যাদা দান করবেন।

৭. কিয়ামতের দিন নবী (সা.)-এর সবচেয়ে নিকটবর্তী ও প্রিয় হবেন সেসব মানুষ, যারা তাঁর ওপর সবচেয়ে বেশি দরুদ পাঠ করেছে। রাসুল (সা.) বলেছেন, 'কিয়ামতের দিন আমার সবচেয়ে নিকটবর্তী ব্যক্তি হবে সেই, যে আমার ওপর সবচেয়ে বেশি দরুদ পাঠ করেছে।' (তিরমিজি, হাদিস : ৪৮৪)

৮. মুমিন বান্দার দরুদ ও সালাম সরাসরি রাসুল (সা.)-এর দরবারে পেশ করা হয়। আবু হুরায়রা (রা.) বলেন, রাসুল (সা.) বলেছেন, 'কেউ যখন আমার ওপর সালাম পাঠায়, তখন আল্লাহ আমার রুহ আমার দিকে ফিরিয়ে দেন, যাতে আমি তার সালামের জবাব দিতে পারি।' (আবু দাউদ, হাদিস : ২০৪১)
আর যখন তাঁর কোনো উম্মত তাঁর ওপর সালাম পাঠায়, তখন ফেরেশতারা বলেন, 'হে মুহাম্মদ, অমুক ব্যক্তি, অমুকের পুত্র, আপনার প্রতি সালাম পাঠিয়েছেন।' (সিলসিলাহ আস-সহিহাহ : ১৫৩০)

৯. নবীর ওপর দরুদ পাঠ দোয়া কবুল হওয়ার গুরুত্বপূর্ণ একটি মাধ্যম। রাসুল (সা.) এক ব্যক্তিকে নামাজে দোয়া করতে শুনলেন, কিন্তু সে নবীর ওপর দরুদ পাঠ করেনি। তখন নবীজি বলেন, 'এই ব্যক্তি তাড়াহুড়া করে ফেলেছে।' এরপর তিনি তাকে বা অন্য কাউকে ডেকে বলেন, 'তোমাদের কেউ যখন নামাজে দোয়া করবে, সে যেন প্রথমে আল্লাহর প্রশংসা ও গুণাবলি বর্ণনা করে, তারপর আমার ওপর দরুদ পাঠ করে, এরপর সে যা চায় তা আল্লাহর কাছে চাইতে পারে।' (তিরমিজি, হাদিস : ৩৪৪৭)

১০. নবীর প্রতি দরুদ পাঠ করা তাঁর প্রতি গভীর শ্রদ্ধা, শান্তি ও বরকতের বর্ষণ এবং ঈমানের পরিচায়ক, বিশেষ করে যখন বান্দা এটি নিয়মিত পাঠ করে। আল্লাহ তাআলা বলেছেন, 'যাতে তোমরা আল্লাহ ও তাঁর রাসুলের ওপর ঈমান আনো, তাঁকে সাহায্য করো, সম্মান করো এবং সকাল-সন্ধ্যা তাঁর মহিমা ঘোষণা করো।' (সুরা : ফাতাহ, আয়াত : ৯)

১১. দরুদ পাঠকারীর জন্য কিয়ামতের দিবসে কোনো অনুশোচনা থাকবে না। নবী (সা.) বলেছেন, 'যে ব্যক্তি দীর্ঘ সময় বসে থেকে আল্লাহর নাম স্মরণ বা নবীর জন্য দরুদ পাঠ না করে চলে যায়, আল্লাহ তার ওপর পাপের বোঝা চাপাবেন। তিনি চাইলে তাদের শাস্তি দেবেন, চাইলে ক্ষমা করবেন।' (সহিহ আল-জামি, হাদিস : ২৭৩৮)

১২. দরুদ পাঠ একজন বান্দাকে সঠিক পথের ওপর অবিচল থাকতে সাহায্য করে। হাদিসের ভাষ্য থেকে জানা যায়, কিয়ামতের দিন দরুদ তার পাঠকারীকে পুলসিরাতের ওপর স্থির দাঁড় করিয়ে দেবে এবং নিরাপদ রাখবে।

১৩. যে ব্যক্তি নবীর ওপর দরুদ পাঠ করে, আল্লাহ তাকে অন্ধকার থেকে আলোয় নিয়ে আসেন। আল্লাহ তাআলা বলেন, 'তিনি তোমাদের ওপর দরুদ পাঠান এবং তাঁর ফেরেশতারা প্রার্থনা করেন, যাতে তিনি তোমাদের অন্ধকার থেকে আলোতে বের করে আনেন। এবং তিনি মুমিনদের প্রতি করুণাময়।' (সুরা : আহজাব, আয়াত : ৪৩) ১৪. দরুদ পাঠ বান্দার সুনাম ও মর্যাদা রক্ষার গুরুত্বপূর্ণ মাধ্যম, কারণ বান্দা যখন আল্লাহর কাছে নবীর ওপর দরুদ পাঠ করেন তখন আল্লাহ তার সেই আমল অনুযায়ী তাকে প্রতিদান দেন।

১৫. দরুদ পাঠ নবীজির প্রতি ভালোবাসা বৃদ্ধি অন্যতম মাধ্যম। বান্দা যত বেশি তার প্রিয় নবীকে স্মরণ করবে, তার হৃদয়ে নবীর ভালোবাসা তত বেশি নিবিড় হবে। আর তাঁর প্রতি ভালোবাসার চেয়ে বেশি ফলদায়ক ভালোবাসা আর কী হতে পারে!

## ১১ মাসেও ট্রমা কাটিয়ে উঠতে

পুলিশের নির্বিচার গুলিতে আহত হন আরও অন্তত ৩০ হাজার আন্দোলনকারী। এরপর সরকার পতনের পর দুই লাখ সদস্যের বাহিনী কার্যত অচল হয়ে পড়ে। অনেকে ইউনিফর্ম খুলে আত্মগোপনে চলে যান। কেউ কেউ সীমান্ত পেরিয়ে বিদেশে পালিয়ে যান। এ অবস্থায় সেনাবাহিনীকে দেশের বিভিন্ন থানায় নিরাপত্তা দায়িত্ব পালন করতে হয়। ২০২৪ সালের ৮ আগস্ট অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর ধীরে ধীরে কিছু সদস্য কর্মস্থলে ফিরলেও, এখনো অনেকেই আতঙ্ক কাটিয়ে উঠতে পারেননি। পুলিশ সদর দফতরের তথ্যমতে, সরকার নির্ধারিত সময়সীমার মধ্যেও ১৮৭ জন সদস্য কাজে যোগ দেননি। এর মধ্যে ৫১ জনকে অবসর ও ১৭ জনকে বরখাস্ত করা হয়। আন্দোলন চলাকালে সংঘটিত সহিংসতার ঘটনায় ১১৬৮ জন পুলিশ সদস্যের বিরুদ্ধে মামলা হয়েছে, যার অনেকেই পলাতক। অন্তর্বর্তী সরকারের গঠিত পুলিশ সংস্কার কমিশনের সদস্য এএসএম নাসির উদ্দিন এলান বলেন, "৫ আগস্টের পর পুলিশ বাহিনীর যে বিপর্যয় ঘটেছে, তা থেকে পুরোপুরি ঘুরে দাঁড়াতে সময় লাগবে। এখন যারা নেতৃত্বে আছেন, তারা দায়িত্বশীল হলেও বাহিনীর আত্মবিশ্বাস পুরোপুরি ফিরে আসেনি।" স্বরাষ্ট্র উপদেষ্টা লে. জেনারেল (অবঃ) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, "পুলিশ অনেকটাই স্বাভাবিক হয়েছে। তবে ৫ আগস্টের আগের পুলিশের সঙ্গে বর্তমান বাহিনীর পার্থক্য আছে। এখন তারা অনেক বেশি মানবিক। যে কারণে অনেক সময় মনে হতে পারে, তারা আগের মতো সক্রিয় নয়।" পুলিশ সম্পর্কে জনগণের মধ্যে নেতিবাচক ধারণা প্রসঙ্গে পুলিশের মিডিয়া উইংয়ের এআইজি ইনামুল হক সাগর বলেন, "চ্যালেঞ্জ ছিল, তা অস্বীকার করি না। তবে বর্তমানে সদস্যরা পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করছেন। আমরা জনগণের আস্থা ফেরাতে কাজ করছি।" উল্লেখ্য, বাংলাদেশে পুলিশ সংস্কার নিয়ে আলোচনা নতুন নয়। ১৭৯২ সাল থেকে শুরু করে ২০২৪ সাল পর্যন্ত বিভিন্ন সময় গঠিত হয়েছে একাধিক কমিশন ও কমিটি। এর মধ্যে রয়েছে ১৯৮৩ সালের 'এনাম কমিটি', ১৯৮৮ সালের 'বিচারপতি আমিনুর রহমান কমিশন' এবং ২০০৭ সালের খসড়া পুলিশ অধ্যাদেশ। সবগুলো কমিশনই দক্ষ, মানবিক ও জনবান্ধব পুলিশ বাহিনীর সুপারিশ করেছিল। তবে বাস্তবায়নে অগ্রগতি ছিল সীমিত। জাতিসংঘের সর্বশেষ মানবাধিকার প্রতিবেদনে ২০২৪ সালের গণআন্দোলনে পুলিশের ভূমিকা নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। এতে বিক্ষোভ দমনে অতিরিক্ত বলপ্রয়োগ ও হত্যাকাণ্ডের দায়ে বাংলাদেশ পুলিশের বিরুদ্ধে আন্তর্জাতিক তদন্তের আহ্বান জানানো হয়। সংশ্লিষ্ট বিশ্লেষকরা বলছেন, পুলিশের বর্তমান পরিস্থিতি শুধু বাহিনীর অভ্যন্তরীণ নয়, বরং এটি রাষ্ট্র ও সমাজের মধ্যে গভীর অবিশ্বাসের প্রতিফলন। আস্থা ফিরিয়ে আনতে শুধু বাহিনীর অভ্যন্তরীণ সংস্কার নয়, প্রয়োজন নৈতিক, প্রশাসনিক ও রাজনৈতিক সমন্বয়।

## সুলতানপুর সীমান্তে বিএসএফের

স্থানীয় সূত্র জানিয়েছে। নিহত ইব্রাহিম খলিল বাবু জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা গ্রামের নুরুল ইসলামের ছেলে। তিনি পেশায় একজন চা দোকানি ছিলেন। তার আড়াই বছর বয়সী একটি কন্যাসন্তান রয়েছে। স্থানীয় ইউপি সদস্য আব্দুর রহমান জানান, "বাবু দুপুর ১২টার দিকে গবাদিপশুর জন্য ঘাস কাটতে যান। এক পর্যায়ে অনিচ্ছাকৃতভাবে সীমান্ত অতিক্রম করে ভারতের অভ্যন্তরে প্রবেশ করেন। এ সময় বিএসএফ সদস্যরা তাকে লক্ষ্য করে গুলি ছোড়ে, এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। বিজিবির পক্ষ থেকে মরদেহ ফেরত আনার চেষ্টা চলছে।" দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন, "নিহতের পরিবারের দাবি অনুযায়ী তিনি ঘাস কাটতে গিয়ে বিএসএফের গুলিতে নিহত হন। তবে এখন পর্যন্ত মরদেহ হাতে না পাওয়ায় আমরা বিস্তারিত নিশ্চিত করে বলতে পারছি না। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।" এ বিষয়ে মন্তব্য জানার জন্য চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসানের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি। এমনকি হোয়াটসঅ্যাপে পাঠানো বার্তারও কোনো উত্তর পাওয়া যায়নি। সীমান্ত এলাকায় একের পর এক বাংলাদেশি নাগরিক বিএসএফের গুলিতে নিহত হওয়ার ঘটনায় স্থানীয় বাসিন্দারা উদ্বেগ প্রকাশ করেছেন। তারা দ্রুত কূটনৈতিক উদ্যোগ গ্রহণ করে সীমান্তে নিরীহ বাংলাদেশিদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানিয়েছেন।

## খুলনায় ১০ জেলা প্রতিনিধি নিয়ে

বাগেরহাটের সোহেল রানা বাবু, কুষ্টিয়ার সনি আজিম, সাতক্ষীরার রাহাত রাজা, মেহেরপুরের মাহবুবুল হক পোলেন, চুয়াডাঙ্গার রকিবুল ইসলাম ও বেনাপোল প্রতিনিধি রাসেল ইসলাম। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সাংবাদিকবৃন্দ। বক্তারা বলেন, "মাত্র তিন বছরেই গ্লোবাল টেলিভিশন দর্শকদের হৃদয়ে জায়গা করে নিয়েছে। সংবাদ, বিনোদন ও নাটকে নতুনত্ব এবং মানসম্মত উপস্থাপনার জন্য চ্যানেলটি অল্প সময়েই মানুষের আস্থা অর্জন করেছে।" অনুষ্ঠানে কুষ্টিয়া, মেহেরপুর ও সাতক্ষীরা জেলার প্রতিনিধিরা জানান, খুলনা অঞ্চলের মানুষ গ্লোবাল টেলিভিশনের ভবিষ্যৎ নিয়ে আশাবাদী। প্রতিষ্ঠাবার্ষিকীর এই আয়োজন শুধু আনন্দ নয়, সামাজিক দায়বদ্ধতারও প্রতিফলন।দিনটি উপলক্ষে কেক কাটা, এতিম শিশুদের নিয়ে দোয়া মাহফিল ও ভোজের মাধ্যমে গ্লোবাল টেলিভিশনের প্রতিনিধিরা দিনটিকে স্মরণীয় করে তোলেন। খুলনাবাসীর প্রত্যাশা, গ্লোবাল টেলিভিশন ভবিষ্যতেও দেশ ও জনগণের কথা বলবে, সত্য ও মানবতার পক্ষে থেকে আরও সাহসী ও জনসম্পৃক্ত সাংবাদিকতা করবে।

## কুষ্টিয়ায় গুলি করার পর যুবককে

নম্বর ওয়ার্ডের বাসিন্দা এবং পেশায় একজন ঠিকাদার। বর্তমানে তিনি কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। হাসানের বাবা লোকমান হোসেন জানান, দীর্ঘদিন ধরে স্থানীয় সন্ত্রাসী রাজন ও তার সহযোগী জনি তার ছেলেকে হত্যার হুমকি দিয়ে আসছিল। এদিন রাতে বাজার থেকে বাড়ি ফেরার পথে পাতেলডাঙ্গী সড়কে ওৎ পেতে থাকা সন্ত্রাসীরা তার ছেলের গতিরোধ করে। এরপর দুই রাউন্ড গুলি চালিয়ে তাকে গুলিবিদ্ধ করে এবং পরে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর জখম করে। লোকমান হোসেন আরও জানান, প্রায় দুই সপ্তাহ আগে একটি জমিতে ঘাস কাটাকে কেন্দ্র করে হাসানের সঙ্গে জনির বাবা জাহিদের কথা কাটাকাটি ও হাতাহাতি হয়। এরপর উভয় পক্ষই থানায় অভিযোগ দিলেও পরে তা প্রত্যাহার করে নেয়। স্থানীয়রা জানান, হামলার সময় হাসানের চিৎকারে গ্রামবাসী ছুটে এলে হামলাকারীরা পালিয়ে যায়। পরে তাকে উদ্ধার করে প্রথমে খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং সেখান থেকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হয়।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মঈনুল ইসলাম জানান, জমিজমা সংক্রান্ত পুরনো বিরোধ থেকেই এই হামলার ঘটনা ঘটে থাকতে পারে। অভিযুক্ত রাজন ও জনির বিরুদ্ধে আগে থেকেই এক সংখ্যালঘু পরিবারের জমি দখল ও চাঁদাবাজির অভিযোগে থানায় মামলা রয়েছে। এছাড়া জনির বাবা জাহিদকেও অতীতে এক সন্ত্রাসী ঘটনায় আটক করা হয়েছিল। তিনি বলেন, "ঘটনার তদন্ত চলছে। দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।" এ ঘটনায় এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। হামলাকারীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানিয়েছে স্থানীয় জনসাধারণ।

## ধ্বংসের পথে মুজিবনগরে কোটি

"দুই বছর আগে ভবনটি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে হস্তান্তর করা হয়েছে। এলজিইডির আর কোনো দায় নেই।" তবে মুজিবনগরের উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পলাশ মন্ডল বলেন, "বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। বরাদ্দের জন্য আবেদন করা হয়েছে। এখনো মঞ্জুর হয়নি। তবে দ্রুত সংস্কারের উদ্যোগ নেওয়া হবে।" স্থানীয় নাগরিকদের মধ্যে প্রশ্ন উঠেছে সরকার কি কেবল নির্মাণ করেই দায়িত্ব শেষ করেছে? রক্ষণাবেক্ষণের জন্য কেউ নেই কেন? হস্তান্তরের পর ভবন সচল রাখতে কোনো পরিকল্পনা বা ফান্ডিং কেন নেই?

## কাঁটাতারের কাঁটা: মায়ের কোলে

মেহেরপুরের গাংনী উপজেলার সহগলপুর গ্রামে এক পরিচয়হীন শিশু আলম আজও তার মায়ের আদরে ফিরতে পারছে না। দশ থেকে বারো বছর ধরে অস্পষ্ট স্মৃতির ভেতর দিয়ে সে কাটিয়েছে জীবন। যেখানে নাম জিজ্ঞেস করলে বলে "আলম" বা "আলী" কিন্তু ঠিক কোথা থেকে এসেছে, কেন এসেছে তা বলতে পারেনি।

গ্রামের মানুষ তাকে নিজের মতো করে দেখেছে, মমতাময়ী ফতেজান বিবির বাড়ি ছিল তার ঠিকানা। সবাই ভালোবেসে ডাকত "আলম মেম্বার" বলে। সরল হৃদয়ের সেই শিশু পথের পাশে, মানুষের ঘরে ঘরে তার জন্য একটু ভালবাসা চেয়েছিল শুধু। কিন্তু হারানো পরিচয়ের ছায়া কাটতে পারেনি অনেকদিন। সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভারতের পাকশি এলাকার এক পরিবার তাকে চিনে ফেলে। পরিবার ছুটে আসে মেহেরপুরে, আবেগের সাক্ষাতে মায়ের অগাধ ভালোবাসা আর আলমের চোখে ঝরে পড়ে অশ্রু। মনে হয়, যেন দীর্ঘদিনের অন্ধকার ভেদ করে আলো ফুটেছে। কিন্তু সুখের শেষ নেই। সীমান্তের কাঁটাতারের বেড়া হয়ে দাঁড়ায় ফেরার পথে বড় বাধা। সীমান্ত প্রহরীরা জানায়ড়আলমকে ভারতে নিতে হলে অবশ্যই জন্মসনদ, নাগরিক পরিচয়পত্র ও আদালতের অনুমতি নিতে হবে। সেইসব কাগজপত্রের জটিলতায় আটকে যায় প্রাণের এই মিলন। মায়ের বুক ফেটে আসে, কিন্তু সে ফাটার অন্ত নেই। মায়ের বুকের সেই প্রিয় সন্তানকে কাঁটাতারের এপারে রেখে ফিরে যেতে হয়। আলম আবার ফিরে আসে ফতেজান বিবির কাছে, আবারও ছোট্ট "আলম মেম্বার" হয় গ্রামে।এখন আলম শুধু এক শিশু নয়, সে এক হারানো পরিচয়ের প্রতীক, ভালোবাসার আর আইনের জটিলতায় আটকে থাকা মানবতার গল্প। গ্রামের মানুষ ও আশপাশের সবাই এককণ্ঠে প্রার্থনা করে আলম যেন দ্রুত সব আইনি প্রতিবন্ধকতা পেরিয়ে তার মায়ের কোলে ফিরে যায়, জীবনের হারানো হাসি ফিরে পায়।

## মেহেরপুরে দ্বিতীয় শ্রেণির ছাত্রীকে

এর আগেও তার বিরুদ্ধে এ ধরনের একাধিক অভিযোগ রয়েছে।

মটমুড়া ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ড এর ইউপি সদস্য মোঃ আয়েজ উদ্দিন বলেন, হোগলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরী তারিক হোসেনের বিরুদ্ধে শিশু নিপিড়নের অভিযোগ উঠেছে। আমি জানতে পেরেছি ভুক্তভোগী পরিবার আইনের আশ্রয় নিয়েছে।

হোগলবাড়িয়া-মোহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবুল হাশেম বলেন, ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে দপ্তরী তারিকের বিরুদ্ধে একটি অভিযোগ জানিয়েছে। তবে ওই ঘটনার বিস্তারিত কিছু জানি না। ঘটনা কবে কার তাও জানি না বলে জানান তিনি।

গাংনী থানার তদন্ত ওসি আল মামুন জানান, এ ব্যাপারে ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে একটা অভিযোগ পেয়েছি। তদন্ত করে দোষী সাব্যস্ত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে

## ৪ জুলাই : সারাদেশে ছাত্র ধর্মঘটের

যুক্ত হন রাজধানীর বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও। তারা পাঁচ থেকে ছয় ঘণ্টা শাহবাগ মোড় অবরোধ করে রাখেন। পরে আন্দোলনকারীরা সন্ধ্যায় পরবর্তী তিন দিনের নতুন কর্মসূচির ঘোষণা দিয়ে রাস্তা ছাড়েন।

এদিন ঢাকা, জাহাঙ্গীরনগর, জগন্নাথ, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল, কুমিল্লা, খুলনাসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা রাজপথে দাবি আদায়ের শপথ নেন।

এদিনই সরকারি চাকরির প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে মুক্তিযোদ্ধা কোটা পদ্ধতি বাতিলের সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করে হাইকোর্টের রায় আপাতত বহাল রাখে আপিল বিভাগ। এর আগে সরকারি চাকরিতে প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটা বাতিল করে জারি করা পরিপত্র ৫ জুন অবৈধ ঘোষণা করেন হাইকোর্ট। ফলে সরকারি চাকরিতে (৯ম থেকে ১৩তম গ্রেড) ৩০ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা বহাল থাকে।

এই রায়ের পর থেকেই সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন আলোচনা-সমালোচনার ঝড় উঠে। তখন ঢাকা বিশ্ববিদ্যালয়সহ একাধিক স্থানে বিক্ষোভ ও প্রতিবাদ শুরু হয়। রায় স্থগিত চেয়ে আপিলও করে রাষ্ট্রপক্ষ।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কেন্দ্রীয়ভাবে আন্দোলনের নেতৃত্ব দেওয়া হয়। সারাদেশে 'কোটা পুনর্বহাল করা চলবে না' শীর্ষক ফেসবুক গ্রুপে সবাই যুক্ত হন।গ্রুপ থেকেই যাবতীয় বিষয় আপডেট দেওয়া হয়। একই নামে টেলিগ্রাম গ্রুপও খুলেন আন্দোলনকারীরা।

এদিন থেকেই কর্মসূচিগুলোতে ব্যাপক সাড়া দিতে শুরু করেন সাধারণ শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রতিটি ব্যাচের শিক্ষার্থীরা ৪ থেকে ৫ জুলাইয়ের মধ্যে অভিন্ন বিজ্ঞপ্তি দিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ক্লাস-পরীক্ষা বর্জনের আহ্বানের সঙ্গে একাত্মতা প্রকাশ করেন। এটা অন্যান্য বিশ্ববিদ্যালয়েও ব্যাপক সাড়া ফেলে। সামাজিক যোগাযোগমাধ্যমে বিষয়টি ব্যাপক প্রচার হয়।

এদিন বেলা সাড়ে ১১টার দিকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে জড়ো হন বিপুল সংখ্যক শিক্ষার্থী ও চাকরিপ্রত্যাশী। মিছিল নিয়ে তারা মাস্টারদা সূর্যসেন হল, হাজী মুহাম্মদ মুহসীন হলের গেট হয়ে ভিসি চত্বর, টিএসসির রাজু ভাস্কর্য ঘুরে শাহবাগ মোড় অবরোধ করেন। সন্ধ্যা ৬টা পর্যন্ত অবরোধ কর্মসূচি শেষে আন্দোলনকারীরা রাজু ভাস্কর্যে গিয়ে নতুন করে তিন দিনের কর্মসূচি ঘোষণা করেন।

শিক্ষার্থীদের পক্ষে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম জানান, শুক্রবার (৫ জুলাই) সারাদেশে কলেজ-বিশ্ববিদ্যালয়ে অনলাইন-অফলাইনে জনসংযোগ ও সমন্বয়, শনিবার (৬ জুলাই) বেলা ৩টায় দেশজুড়ে বিক্ষোভ এবং রোববার (৭ জুলাই) সব বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাস-পরীক্ষা বর্জনের মাধ্যমে ছাত্র ধর্মঘট পালন করা হবে। শনিবারের বিক্ষোভ থেকে রোববারের মাঠের কর্মসূচি ঘোষণা করা হবে বলেও জানান তিনি।

হাইকোর্টের রায়ে কোটাব্যবস্থা আপাতত বহাল রাখার বিষয়ে নাহিদ ইসলাম বলেন, ২০১৮ সালে নির্বাহী বিভাগ পরিপত্রের মাধ্যমে কোটা বাতিল করল। বিচারবিভাগ দিয়ে কোটা আবার পুনর্বহাল করা হলো। এটা শিক্ষার্থীদের সঙ্গে প্রহসন। এটা রাষ্ট্রযন্ত্রের মধ্যে সমন্বয়হীনতার উদাহরণ। নির্বাহী বিভাগ আদেশ দিচ্ছে, আর বিচার বিভাগ বাতিল করছে। রাষ্ট্রযন্ত্রের অন্তঃদ্বন্দ্বে শিক্ষার্থীদের সম্পর্ক নেই।

৪ জুলাই আন্দোলনে যেতে সাধারণ শিক্ষার্থীদের বাধা দেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। একাধিক হলের গেটে তালা ঝুলিয়ে দেয় তারা। অনেক শিক্ষার্থীদের গেস্টরুমে আটকে রাখা হয়। পরে আন্দোলনরত শিক্ষার্থীরা মিছিল নিয়ে হলে গিয়ে তালা খুলতে বাধ্য করেন।

এদিন কোটা বাতিলের দাবিতে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন বেশ কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। দুপুর সাড়ে ১২টার দিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক-সংলগ্ন ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করেন শিক্ষার্থীরা। এতে সড়কের উভয় লেনে যানজট তৈরি হয়। পরে দুপুর ১টার দিকে অবরোধ তুলে নেন তারা।

একইভাবে পুরান ঢাকার রায়সাহেব বাজার মোড় অবরোধ করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এছাড়াও শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) শিক্ষার্থীরা রাজধানীর আগারগাঁও মোড়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) শিক্ষার্থীরা চট্টগ্রাম-খাগড়াছড়ি মহাসড়ক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীরা ঢাকা-রাজশাহী মহাসড়ক, খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) শিক্ষার্থীরা খুলনার জিরো পয়েন্ট, ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থীরা কুষ্টিয়া-খুলনা মহাসড়ক এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষার্থীরা ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করেন।